ক্রিয়া। পরিবর্ত্তক, কফ ও পিত্তনিঃসারক, ঘর্ম্মকারক। অত্যন্ত অধিক মাত্রায় বিরেচক।

ব্যবহার। বাত রোগে ইহার ব্যবহার বিলক্ষণ উপকারী। বিরেচক, তজ্জন্য কোষ্ঠবদ্ধ রোগে ব্যবহার হয়। এতদ্ব্যতীত ডিসেণ্ট্রি (অতিসার), অর্শ ও অন্যান্য রোগে এবং বিবিধ চর্ম্মরোগ যথা, দাউদ, পাঁচড়া, ইত্যাদিতে বিস্তর উপকার করে।

৪র্থ পরিবর্ত্তক।

সলফিউরেটেড্ পটাশ্—Sulphurated Potash.

মাত্রা ২—১০ গ্রেণ।

কার্ব্বনেট্ অব্ পটাশ চূর্ণ ১০ আং, উর্দ্ধপাতিত গন্ধক ৫ আং।

প্রঃ রূঃ। (১) অইণ্টমেণ্ট অব্ সলফিউরেটেড্ পটাশ। (সলউফিরেটেড্ পটাশ ৩০ গ্রেণ, কঠিন প্যারাফিন্ ।০ আং, কোমল প্যারাফিন্ ৮০ আং।)

ক্রিয়া। ইহার প্রধান ক্রিয়া শ্লৈষ্মিক ঝিল্লীর ক্রিয়া বৃদ্ধিকরন। পরিবর্ত্তক, পিত্তনিঃসারক, ঘর্ম্মকারক, উত্তেজক, অধিক মাত্রায় বিষক্রিয়া করে ও মৃত্যু পর্য্যন্তও হইবার সম্ভাবনা।

ব্যবহার। ইহার প্রায় আভ্যন্তরিক ব্যবহার হয় না, তবে কেহ কেহ করিয়া থাকেন। বিবিধ চর্ম্মরোগ যেমত, স্কেবিজ, এক্জিমা, ইম্পিটাইগো, সোরায়সিস্, লেপ্রা ইত্যাদিতেই অধিক ব্যবহার হয়। বাতরোগেও কেহ কেহ ব্যবহার করেন।

৫ম পরিবর্ত্তক।

সোডিয়াই সল্‌ফিস—সলফাইট অব সোডিয়ম

Sodii Sulphis.

মাত্রা ৫—২০ গ্রেণ।

কার্ব্বনেট অব্‌ সোডা দ্রবে বিশুদ্ধ সল্ফিউরস্‌ এসিড বাষ্প যে পর্য্যন্ত শোধিত হয় প্রবেশ করাইয়া, পরে গাঢ় করিলে প্রস্তত হয়।

স্বঃ। স্বচ্ছ, বর্ণহীন, ত্রিকোণ বিশিষ্ট দানা।

ক্রিয়া। অল্প মাত্রায় পরিবর্ত্তক, অধিক মাত্রায় বিরেচক।

ব্যবহার। বিবিধ চর্ম্মরোগে পরাঙ্গপুষ্টকীট নষ্ট করিয়া, বিবিধ ক্ষতে পচননিবারণ করিয়া উপকার করে। কোন কোন মুখক্ষতে ইহার কুল্য উপকারী। সার্সীনা ভেণ্ট্রিকিউলাই নামক উদ্ভিজ্জ জনিত অজীর্ণ রোগে উপকার করে।

৬ষ্ঠ পরিবর্ত্তক।

সোডিয়াই হাইপোফস্ফিস—হাইপোফস্ফাইট অব শোডিয়ম্‌

Sodii Sulphis.

মাত্রা ৫—১০ গ্রেণ।

উত্তেজক ঔষধ শ্রেণীতে দেখ।

৭ম পরিবর্ত্তক।

সলফিউরস্ এসিড্—Sulphurous Acid.

মাত্রা ॥০—১ ড্রাম্।

সল্‌ফিউরিক্ এসিড্ ৪ আং, অঙ্গার ১ আং, জল ২ আং, পরিশ্রুত জল ২০ আং, প্রকৃষ্ট উপায়ে প্রস্তুত করিবে।

স্বঃ। বর্ণহীন তরল পদার্থ। উগ্রগন্ধকগন্ধযুক্ত।

ক্রিয়া। পরিবর্ত্তক, পর্য্যায়নিবারক।

ব্যবহার। ডাক্তার চার্লস পর্য্যায়নিবারক বলিয়া একজ্বরে চিনির জলসহ ইহা ব্যবহার করেন। তাহাতে শারীরিক উষ্ণতার হ্রাস হইয়া জ্বর বিরাম হয়। অতি অল্প দিবস হইল প্রকাশ হইয়াছে যে, ইহা দ্বারা বিসূচিকা রোগের সমূহ উপকার হয়। এতদ্ব্যতীত বিবিধ চর্ম্ম-রোগ যথা—স্কেবিজ, প্রুরাইগো ইত্যাদিতে ব্যবহার হয়।

৮ম পরিবর্ত্তক।

ক্লোরিন্—Chlorine.

ক্লোরিন্ নামক বাষ্প সহযোগে নিম্নলিখিত ঔষধগুলি প্রস্তুত হয় ও তাহাতে ক্লোরিন্ আছে ;

(১) **লাইকর ক্লোরাই।** সল্যুউসন্ অব্ ক্লোরিন্। (হাইড্রোক্লোরিক্ এসিড্ ৬ আং, ব্ল্যাক্ অক্সাইড অব্ ম্যাঙ্গেনিস্ চূর্ণ ১ আং, পরিশ্রুত জল ৩৪ আং। মাত্রা ১০—২০ মিনিম্।)

স্বঃ। পীত মিশ্রিত সবুজ বর্ণের তরল পদার্থ। অত্যন্ত ক্লোরিন্-গন্ধযুক্ত।

ক্রিয়া। পরিবর্ত্তক, বলকারক, উত্তেজক, লালানিঃসারক ও পিত্ত-

নিঃসারক, পচন নিবারক ও দুর্গন্ধহারক। অধিক মাত্রায় প্রাদাহিক বিষক্রিয়া করে।

ব্যবহার। টাইফস্ জ্বর, ব্যাপক ডিসেণ্ট্রি, দুর্দ্দম্য স্ৰবৎক্ষত, এবং যকৃতের পুরাতন পীড়ায় বিশেষ উপযোগী।

(২) ক্লোরিনেটেড লাইম্। ক্যালক্স ক্লোরেটা। চূর্ণে সম্ভবপর ক্লোরিন্ বাষ্প শোষণ করিলে ইহা প্রস্তুত হয়। মাত্রা ২—১০ গ্রেণ।

প্রঃ স্কঃ। (ক) লাইকর ক্যালসিস্ ক্লোরেটা (ক্লোরিনেটেড লাইম্ ১ পাউণ্ড, পরিশ্রুত জল ১ গ্যালন।)

(খ) ভেপর ক্লোরাই। (ক্লোরিনেটেড লাইম ২ আং, শীতল জল আবশ্যকমত।)

ক্লোরফরম্ প্রস্তুতে ইহার ব্যবহার হয়।

স্বঃ। ক্লোরিন্ গন্ধযুক্ত অনুজ্জ্বল শ্বেতবর্ণ চূর্ণ।

ক্রিয়া। পরিবর্ত্তক, উত্তেজক, লাল ও পিত্তনিঃসারক, অম্লনাশক, স্থানিক উগ্রতা সাধক, সঙ্কোচক, দুর্গন্ধহারক, দাহক ও পচননিবারক।

ব্যবহার। টাইফস্ জ্বরে ও ব্যাপক অতিসার রোগে বিশেষ উপকারী। ইহার ধৌত বিবিধ দুষ্ট ক্ষতে ও গ্যাঙ্গ্রিনযুক্ত ক্ষতে, অফথ্যালমিয়ায়, বিবিধ চর্ম্মরোগে, বিশেষতঃ পাঁচড়াতে বিস্তর উপকার করে। গুহ্য যোনি আদির মধ্যে পচাক্ষত হইলে ইহার পিচকারী ব্যবহার হয়। পারদ সেবনবশতঃ মুখ আসিলে ইহার কুল্য অত্যুপকারী। দুর্গন্ধহারক বলিয়া অনেক বিজ্ঞ চিকিৎসক ইহার ব্যবহার অনুমোদন করেন। সলফিউরেটেড হাইড্রোজেন্ বা হাইড্রো সলফিউরেট অব এমোনিয়া দ্বারা বিষাক্ত হইলে ইহা বিষঘ্নরূপে ব্যবহার হয়।

(৩) ক্লোরাইড অব লাইম। ক্যালসিয়াই ক্লোরাইডম্।

(হাইড্রোক্লোরিক্ এসিড্‌কে কার্ব্বনেট্ অব্ লাইম্ সহযোগে সমক্ষারাম্ল করিয়া তাহাতে কিছু সল্যুউসন্ অব্ ক্লোরিনেটেড্ লাইম এবং চূণ যোগ করিয়া ছাঁকিয়া ৪০০ ডিগ্রির উত্তাপে শুষ্ক করিলে ইহা প্রস্তুত হয়। মাত্রা ৩—১০ গ্রেণ।)

প্রঃ রূঃ। লাইকর্ ক্যালসিয়াই ক্লোরাইডম্। (ক্লোরাইড অব ক্যাল্‌সিয়ম্ ৮৮ গ্রেণ, পরিশ্রুত জল ১ আং) মাত্রা ১৫—৫০ মিনিম্।

স্বঃ। শ্বেতবর্ণ, পিণ্ডাকার, শুষ্ক, জলশোষক। হাইড্রোক্লোরিক্ এসিড্ যোগে ক্লোরিন্ বা হাইপোক্লোরস্ এসিড্ বাষ্প নির্গত হয় না।

ক্রিয়া। পরিবর্ত্তক। কেহ কেহ বলেন, বলকারক, কেহ কেহ বলেন, বিরেচক। অধিক মাত্রায় উগ্র বিষ।

ব্যবহার। পূর্ব্বে ব্রঙ্কসিল ও স্কু‌ফিউলা জনিত পীড়াতে ইহার স্নান ও আভ্যন্তরিক ব্যবহার হইত। আজ কাল প্রায় ইহার ব্যবহার উঠিয়া গিয়াছে, কিন্তু কেহ কেহ ল্যুপস্ রোগে ব্যবহার করেন।

(৪) **সল্যুউসন অব ক্লোরিনেটেড সোডা।** লাইকর সোডিক্লোরেটি। (কার্ব্বনেট অব সোডা ১২ আং, ব্ল্যাক্ অক্সাইড অব ম্যাঙ্গেনিস্ ৪ আং, হাইড্রোক্লোরিক্ এসিড ১৫ আং, পরিশ্রুত জল ২ পাইণ্ট। মাত্রা ১০—২০ মিনিম্।)

প্রঃ রূঃ। ক্যাটাপ্ল্যাজ্‌মা সোডিক্লোরেট। (সল্যুউসন অব ক্লোরিনেটেড সোডা ২ আং, লিন্‌সিড মিল [তিসির খোল] ৪ আং, উষ্ণ জল ৮ আং।)

স্বঃ। বর্ণহীন তরল পদার্থ, কষায় আস্বাদ, কিঞ্চিৎ ক্লোরিন্ গন্ধযুক্ত। ইহা দ্বারা নীলের বর্ণ ধ্বংস হয়।

ক্রিয়া। পরিবর্ত্তক, সংকোচক, উত্তেজক, অম্লনাশক, দুর্গন্ধনাশক, পচননিবারক।

ব্যবহার। প্রায় ক্লোরিনেটেড লাইমের ন্যায়। সূতিকাজ্বর,

টাইফস্, টাইফইড, স্কার্লেট ইত্যাদি জ্বরে ও চর্ম্মরোগে এবং পচাক্ষতে ব্যবহার হয়।

(৫) **ক্লোরাইড অব সোডিয়ম।** সোডিয়াই ক্লোরাইডম। ব্যবহার্য্য লবণ। হাইড্রোক্লোরিক্ এসিড, হাইড্রার্জিরাই সবক্লোরাইডম্ প্রস্তুত জন্য আবশ্যক হয়। মাত্রা ২০—৬০ গ্রেণ।

স্বঃ। বর্ণন অপ্রয়োজন। কারণ সকলেই অবগত আছেন।

ক্রিয়া। পরিবর্ত্তক, আগ্নেয়। কিছু অধিক মাত্রায় বিরেচক, বমনকারক, কৃমিনাশক। চর্ম্মের উপরে বাহ্যিক ব্যবহারে ফোস্কাকারক।

ব্যবহার। কোন কোন প্রকার ডিস্‌পেপ্‌সিয়ায়, স্ক্রফিউলা ও অন্যান্য গ্রন্থি বিবর্দ্ধনে ব্যবহার হয়। আমেরিকায় ইহার স্যাটুরেটেড সল্যুউসন্ পুরাতন অফ্‌থ্যালমিয়ায় ব্যবহার হয়। কলেরাতে (বিসূচিকা) বিলক্ষণ উপকার করে। যে সকল রোগে রক্তের লবণাংশ অল্প হয় (যেমন ওলাউঠা) তাহাতে ২ ড্রাম মিউরিয়েট ও ২ স্ক্রুপল কার্ব্বনেট অব সোডা, ৬০ আং জলে দ্রব করিয়া শিরামধ্যে ইন্‌জেক্ট করিলে বিশেষ উপকার হয়।

কৃমিনাশক বলিয়া রেক্‌টমে ইহার পিচকারী বিলক্ষণ উপকার করে। বিরেচন জন্যও পিচকারী ব্যবহার হয়।

টাইফইড জ্বর ইত্যাদিতে পথ্যের সহিত লবণ ব্যবস্থা করা উচিত। রক্তোৎকাসে ব্যবহার হয়।

(৬) **ক্লোরাইড অব এমোনিয়ম।** এমোনিয়াই ক্লোরাইডম্। নিসাদল। হাইড্রোক্লোরিক এসিডকে এমোনিয়া সহযোগে সমক্ষারাম্ল করিয়া তাহা শুষ্ক করিলে ইহা প্রস্তুত হয়। প্রায়ই উর্দ্ধপাতন দ্বারা প্রস্তুত হইয়া থাকে। মাত্রা ৫—২০ গ্রেণ।

লাইকর হাইড্রার্জিরাই পারক্লোরাইডি ও লাইকর এমোনিয়া ফরসিয়র প্রস্তুতে ইহার আবশ্যক হয়।

স্বঃ। বর্ণহীন, গন্ধহীন, কঠিন পদার্থ।

ক্রিয়া। পরিবর্ত্তক, পিত্তনিঃসারক, কফনিঃসারক, ঘর্ম্মকারক, রজোনিঃসারক, শোষক, শৈত্যকারক, উগ্রতা সাধক। অধিক মাত্রায় ব্যবহার্য্য নহে।

ব্যবহার। নিমোনিয়া, হুপিংকফ, মিউকস ডায়েরিয়া, পুরাতন বাত, ও গাউট, অপ্রদাহিক শোথ, সব একুাট লেরিংজাইটিস, থাইসিস ও জর লাঘব হইলে ইহা ব্যবহার হয়। বাগি বসাইবার জন্য ইহা দ্রব করিয়া স্থানিক ব্যবহার হয়। যকৃৎ ও প্লীহা বিবর্দ্ধনে বিলক্ষণ উপকারী।

(৭) **ক্লরেট অব পটাশ।** পট্যাশি ক্লোর‍্যাস। (কার্ব্বনেট অব পটাশ ২০ আং, চুণ ৫৩ আং, পরিশ্রুত জল আবশ্যক মত, ব্ল্যাক্ অকসাইড অব ম্যাঙ্গেনিস ৮০ আং, হাইড্রোক্লোরিক এসিড ২৪ পাইণ্ট। মাত্রা ৫—৩০ গ্রেণ।)

প্রঃ রূঃ। (লোজেঞ্জেস। ক্লোরেট অব পটাশ চূর্ণ ৩৬০০ গ্রেণ, পরিস্কৃত চিনি ২৫ আং, গম্-একেসিয়া চূর্ণ ১ আং, মিউসিলেজ অব গম্-একেসিয়া ২ আং, পরিশ্রুত জল ১ আং, বা আবশ্যক মত। ৭২০ ভাগ করিবে। মাত্রা ১—৬টী।)

স্বঃ। বর্ণহীন, চতুষ্কোণবিশিষ্ট, লবণ আস্বাদযুক্ত।

ক্রিয়া। পরিবর্ত্তক, শৈত্যকারক, মূত্রকারক।

ব্যবহার। যে সকল পীড়ায় শোণিতের লাবণিক অংশ অল্প হয়, তাহাতে,—যেমন কলেরা, টাইফস জর, ও টাইফইড জর ইত্যাদিতে ব্যবহার হয়। ক্যাঙ্ক্রম, অরিস, ও নানাবিধ মুখক্ষতে, ইরিসিপেলাস, পাইমিয়া, বাঘিক্ষত ইত্যাদিতে বিশেষরূপে ব্যবহার হয়।

(৮) **ক্লোরাইড অব বেরিয়ম।** (লবণ-দ্রাবকে কার্ব্ব-

নেট অব বেরাইটা দ্রব করিবে। শুষ্ক করিয়া জলে দ্রব করিয়া দানা বাঁধিয়া লইবে। মাত্রা ॥০—২ গ্রেণ।)

প্রঃ রূঃ। লাইকর বেরিয়াই ক্লোরাইডাই। (ক্লোরাইড অব বেরিয়ম্ ৬০ গ্রেণ, পরিশ্রুত জল ১ আং। মাত্রা ৫—১০ মিনিম্।)

স্বঃ। চেপ্টা চতুষ্কোণ, শ্বেতবর্ণ দানা। তিক্ত, কটু, কদর্য্য আস্বাদ।

ক্রিয়া। পরিবর্ত্তক, বলকারক, উত্তেজক, দ্রবকারক। স্থানিক প্রয়োগ উগ্রতাসাধক।

ব্যবহার। ধনুষ্টঙ্কার, স্ক্রফিউলা, এবং স্ক্রফিজনিত সন্ধি রোগে উপকারী।

১০ম পরিবর্ত্তক।

(ক) আর্সিনিয়স্ এসিড্—Acidum Arseniosum.

মাত্রা $\frac{১}{৬০}$—$\frac{১}{১২}$ গ্রেণ।

বিবিধ খনিজ দ্রব্যের সহযোগে অবস্থিতি করে। পরে তাহাকে উর্দ্ধপাতন দ্বারা শোধিত করিলে ইহা পাওয়া যায়। সাধারণ ভাষায় ইহাকে শঙ্খবিষ [শেঁকোবিষ] বলে।

প্রঃ রূঃ। লাইকর আর্সেনিক্যালিস্। (আর্সেনিয়স্ এসিড্ চূর্ণ, ও কার্ব্বনেট্ অব্ পটাশ্ প্রত্যেক ৮৭ গ্রেণ, টিংচর ল্যাভেণ্ডার কম্পাউণ্ড ৫ ড্রাম, পরিশ্রুত জল আবশ্যকমত। ইহাকে ফাউলার্স সল্যুউসন্ বলে। মাত্রা ২—৮ মিনিম্।) ইহার ১ আউন্সে ৪ গ্রেণ্ আছে।

(২) লাইকর আর্সেনিসি হাইড্রোক্লোরিকস। (আর্সেনিয়স এসিড চূর্ণ ৮৭ গ্রেণ, হাইড্রোক্লোরিক্ এসিড্ ২ ড্রাম, পরিশ্রুত জল

আবশ্যক মত। মাত্রা ২—৮ মিনিম্।) ইহারও ১ আউন্সে ৪ গ্রেণ আর্সেনিয়স্ এসিড্ আছে।

স্বঃ। ভারি, শ্বেতবর্ণ চূর্ণ।

ক্রিয়া। পরিবর্ত্তক, পর্য্যায় নিবারক। বাহ্য ব্যবহারে অত্যন্ত দাহক, পচন নিবারক। অধিক মাত্রায় জীবননাশক বিষক্রিয়ার লক্ষণ প্রকাশ পায়।

ব্যবহার। কোরিয়া রোগে অতি উৎকৃষ্ট, পুরাতন বাতে বিলক্ষণ উপকার করে। জ্বরে অতি চমৎকার ফল দর্শে। অজীর্ণ রোগে ব্যবহার হয়।

বিবিধ চর্ম্মরোগে, বিশেষতঃ মুখের চর্ম্মে ক্ষত হইলে, ল্যুপস, হাস্পিট্যাল গ্যাঙ্গ্রিন ইত্যাদিতে ব্যবহার হয়। সর্পাঘাতে আজ কাল ব্যবহার হইতেছে। শিরঃপীড়া এবং সপর্য্যায় স্নায়ুশূল রোগে ব্যবহার করিতে অনেকে উপদেশ দেন।

(খ) আর্সিনিয়েট অব সোডা—Sodii Arsenias.

মাত্রা ১/১৬—১/২ গ্রেণ।

আর্সেনিয়স্ এসিড ১০ আং, নাইটেট অব সোডা ৮৷৹ আং, কার্ব্বনেট অব সোডা শুষ্ক ৫৷৷৹ আং উষ্ণ পরিস্রুত জল ৩৫ আং।

প্রঃ রূঃ। লাইকর সোডি আর্সেনিয়াটিস্। (জলহীন আর্সিনিয়েট অব সোডা ৩০০ ডিগ্রির উত্তাপে শুষ্ক ৪৷৷৹ গ্রেণ, পরিস্রুত জল ১ আং। মাত্রা ৫—১০ মিনিম্।)

স্বঃ। বর্ণহীন, স্বচ্ছ, প্রদেশযুক্ত। জলে দ্রবণীয়।

ক্রিয়া। পরিবর্ত্তক।

(গ) আর্সেনিয়াই আইওডাইডম—Arsenii Iodidum.

মাত্রা ১/৬০ গ্রেণ্।

আইওডিন্ ও আর্সেনিয়ম্ ধাতুর রাসায়নিক সম্মিলনে ইহা প্রস্তুত

হয়। ক্ষুদ্র ক্ষুদ্র, কমলালেবুর বর্ণবিশিষ্টদানা। জল ও শোধিত সুরায় দ্রবণীয়।

প্রঃ। লাইকর্ আর্সেনিয়াই এট্ হাইড্রার্জিরাই আইওডাইডাই (আইওডাইড অব্ আর্সেনিয়ম্ এবং রেড আইওডাইড অব মার্কারি প্রত্যেক ৪৫ গ্রেণ, পরিশ্রুত জল প্রয়োজনানুরূপ। ১॥০ আং পরিশ্রুত জলে উক্ত উভয় ঔষধ দ্রব্যকে মাড়িয়া, ছাঁকিয়া লইয়া, পরে পরিশ্রুত জল মিশাইয়া ১০ আউন্স পূর্ণ করিবে। মাত্রা ৫—৩০ মিনিম্।) ইহাকে ডনভন্স সল্যুসন্ কহে। বিবিধ চর্ম্মরোগে ব্যবহৃত হয়।

ক্রিয়া। আইওডাইড অব আর্সেনিয়ম্ পরিবর্ত্তক ও বলকারক। অধিক মাত্রায় প্রবল বিষক্রিয়া করে।

ব্যবহার। বিবিধ চর্ম্মরোগে যথা, সোরায়েসিস্, ল্যুপস, লেপ্রা, ইম্পিটাইগো প্রভৃতিতে এবং উপদংশজনিত বিবিধ প্রকার চর্ম্মরোগে ব্যবহৃত হয়। ক্যান্সার্ রোগেও কেহ কেহ ইহার ব্যবহার অনুমোদন করেন।

(ঘ) এসিডম হাইড্রোব্রোমিকম ডাইলিউটম।

Acidum Hydrobromidum Dilutum.

মাত্রা ১৫—৬০ মিনিম্।

ব্রোমিন্ ১ আউন্স, পরিস্রুত জল ও সলফিডরেটেড হাইড্রোজেন্ বাষ্প প্রয়োজন মত। একটি কাচকুপীতে ব্রোমিন্ ও ১৫ আং জল রাখিয়া, ব্রোমিন্ দ্রবের লোহিত বর্ণ নষ্ট না হওয়া পর্য্যন্ত তন্মধ্যে সল্ফিউরেটেড্ হাইড্রোজেন্ বাষ্প প্রয়োগ করিয়া পরে ছাঁকিয়া ও চুয়াইয়া লইবে।

স্বঃ। ইহাতে শতকরা ১০ অংশ ওজনে বাষ্পীয় বা প্রকৃত হাইড্রোব্রোমিক্ এসিড আছে। দেখিতে তরল ও বর্ণহীন, কটু আস্বাদ, গন্ধ বিহীন ও অম্লগুণবিশিষ্ট।

ক্রিয়া। স্নায়বিক অবসাদক ও পরিবর্ত্তক।—

ব্যবহার। কর্ণে নানারূপ অব্যক্ত শব্দানুভব ও শিরঃপীড়া রোগে কুইনাইন্ সহিত হাইড্রোব্রোমিক্ এসিড সেবনে বিশেষ উপকার দর্শে। কর্ণে যে একরূপ দপ্ দপে শব্দ হয় তাহাতেও ইহা দ্বারা উপকার হয়।

স্নায়বিক রোগে স্নায়বীয় উগ্রতা নিবারণ জন্য, মৃগীরোগে, জরায়ুর উত্তেজনায়, হৃৎপিণ্ডের উত্তেজনায় ও অনিদ্রায় ইহা ব্যবহারে সুফল দর্শে। গর্ভাবস্থায় বমন নিবারণ জন্য ব্যবহৃত হইয়াছে। ব্রোমাইড্ অব্ পটাশ্ যে যে রোগে ব্যবহৃত হয় ইহাও সেই রোগে ব্যবহার করা যায়।

১১শ পরিবর্ত্তক।

ফস্ফেট অব লাইম—Calcis Phosphas.

মাত্রা ১০—২০ গ্রেণ।

জান্তবাঙ্গার ৫ আং, হাইড্রোক্লোরিক্ এসিড ৬ আং, জল ২ পাইণ্ট্, সল্যুউসন্ অব্ এমোনিয়া ১২ আং, বা আবশ্যক মত, পরিশ্রুত জল প্রয়োজনানুরূপ।

এণ্টিমোনিয়াল্ পাউডার প্রস্তুত জন্য আবশ্যক হয়। তাহার ৩ অংশে ২ অংশ আছে।

স্বঃ। লঘু, শ্বেতবর্ণ, আকারহীন চূর্ণ, জলে দ্রবণীয় নহে।

ক্রিয়া। পরিবর্ত্তক ও অম্লনাশক।

ব্যবহার। স্ক্রফিউলা, স্ক্রফিউলা জনিত ক্ষত ও উদরাময়ে ব্যবহৃত হয়।

১২শ পরিবর্ত্তক।

ক্যালসিয়াই হাইপোফস্ফিস—হাইপোফস্ফাইট অব্ ক্যাল্সিয়ম।

Calcii Hypophosphis.

মাত্রা ৫—১০ গ্রেণ।

ফস্ফরস্ ও আর্দ্র চূণ একত্র উত্তাপ প্রয়োগে প্রস্তুত হয়।

শ্বেতবর্ণ, তিক্তাস্বাদযুক্ত, দানাদার।

ক্রিয়া। পরিবর্ত্তক, উত্তেজক ও বলকারক। অধিক মাত্রায় সেবনে শিরঃপীড়া, শিরঃঘূর্ণন, শূলবেদনা প্রভৃতি জন্মে।

ব্যবহার। যক্ষ্মারোগে অতিঘর্ম্ম নিবারণ হয়, পরিপাকশক্তি বৃদ্ধি হইয়া ক্ষুধা হয় ও শ্লেষ্মা হ্রাস এবং বলবৃদ্ধি হয়। দন্তোদ্গম কালীন জ্বরে উপকার করে। স্রাবণগ্রন্থীর রোগে বিশেষ উপকারক।

১৩শ পরিবর্ত্তক।

জ্যামেকা সার্সাপেরিলা—Sarsæ Radix.

স্মিল্যাক্স অফিসিন্যালিস্ লতার শুষ্ক মূল।

প্রঃ রূঃ। (১) ডিককৃসন্ অব্ সার্সাপেরিলা। (জ্যামেকা সার্সাপেরিলা কর্ত্তিত ২॥০ আং উষ্ণ পরিস্রুত জল ১।০ পাইণ্ট। মাত্রা ২—১০ আং।)

(২) কম্পাউণ্ড ডিককৃসন্ অব্ সার্সাপেরিলা। (জ্যামেকা সার্সাপেরিলা কর্ত্তিত ২॥০ আং, সার্সাফ্রাস্ মূল, গোয়াকম্ কাষ্ঠ ও যষ্টিমধু

কুট্টিত প্রত্যেক ।০ আং, মেজেরিয়ন্ বল্কল ৬০ গ্রেণ্, উষ্ণ পরিশ্রুত জল ১।।০ পাইণ্ট। মাত্রা ২—১০ আং।)

(৩) লিকুইড্ একষ্ট্রাক্ট অব্ সার্সাপেরিলা। (জ্যামেকা সার্সাপেরিলা কুট্টিত ৪০ আউন্স, ১৬০ ডিগ্রীর পরিস্রুত জল ১২ পাইণ্ট, পরীক্ষিত সুরা ২ পাইণ্ট, শর্করা ৫ আং. মাত্রা ২—৪ ড্রাম।)

স্বঃ। পেন্ কলমের ন্যায় স্থূল, লোহিত পাটলবর্ণ, গন্ধহীন।

ক্রিয়া। পরিবর্ত্তক, ঘর্ম্মকারক, বলকারক।

ব্যবহার। দ্বিতীয় অবস্থার উপদংশীয় পীড়ায় ও কোন কোন চর্ম্মরোগে ও বাতরোগে উপকারী।

১৪শ পরিবর্ত্তক।

হেমিডেস্মস রুট—Hemidesmus Radix.

হেমিডেমস্ ইণ্ডিকস্ লতার মূল।

প্রঃ রূঃ। সিরপ্ অব্ হেমিডেস্মস্। (হেমিডেস্মস্ কুট্টিত ৪ আং, পরিস্কৃত চিনি ২৮ আং. স্ফুটিত পরিস্রুত জল ১ পাইণ্ট। মাত্রা ১ ড্রাম।)

স্বঃ। পাটলবর্ণযুক্ত পীতবর্ণ, নলাকার।

ক্রিয়া। পরিবর্ত্তক, ঘর্ম্মকারক, বলকারক। সার্সাপেরিলার পরিবর্ত্তে ব্যবহার হয়।

১৫শ পরিবর্ত্তক।

কল্‌চিকম্—Colchicum.

চূর্ণের মাত্রা ২—৮ গ্রেণ।

কল্‌চিকম্ অটম্নেল বৃক্ষের বীজ ও স্কন্ধ।

প্রঃ রূঃ। (১) একষ্ট্রাক্ট অব্ কলচিকম্। মাত্রা ৷৷০—২ গ্রেণ।

(২) এসেটিক্ একষ্ট্রাক্ট অব কল্‌চিকম্। (সরল কল্‌চিকম্ মূল ৭ পাউণ্ড, এসেটিক্ এসিড্ ৬ আং। মাত্রা ৷৷০—২ গ্রেণ।)

(৩) ভাইনম্ কল্‌চিসাই। ওয়াইন্ অব্ কল্‌চিকম্। (কল-চিকম্ মূল শুষ্ক কুট্টিত ৪ আং, সেরি ১ পাইণ্ট। মাত্রা ১০—৩০ মিনিম্।)

(৪) টিংচার কলচিসাই (কল্‌চিকম্ বীজ চূর্ণ ২৷৷০ আং, পরী-ক্ষিত সুরা ১ পাইণ্ট। মাত্রা ১০—৩০ মিনিম।)

স্ঃ। সরস কন্দ, জায়ফল সদৃশ।

ক্রিয়া। পরিবর্ত্তক, মূত্রকারক, বেদনা নিবারক, পিত্তনিঃসারক, ঘর্ম্মকারক, অবসাদক। অধিক মাত্রায় বিবমিষা ও বমন উপস্থিত করে।

ব্যবহার। শোথ রোগে, প্রস্রাবে অ্যাল্‌বুমেন্ জন্মিলে উপকারক। গাউট্ ও রিউম্যাটীজম্ রোগে সমূহ ফল দর্শে। বিরেচক বলিয়া কেহ কেহ কোষ্ঠবদ্ধ রোগে ব্যবহার করেন। জর ও নানা প্রকার তরুণ প্রদাহ রোগে অবসাদ ক্রিয়ার জন্য কেহ কেহ ব্যবহার করিয়া সুফল লাভ করিয়াছেন।

———

১৬শ পরিবর্ত্তক।

সাসাফ্রাস রূট্—Sassafras Radix.

সাসাফ্রাস্ অফিসিনেল্ বৃক্ষের মূল।

স্ঃ। শাখাযুক্ত খণ্ড২, বাহ্যিক পাটল সরযুক্ত পীতবর্ণ।

ক্রিয়া ও ব্যবহার। পরিবর্ত্তক, ঘর্ম্মকারক, উত্তেজক।

১৭শ পরিবর্ত্তক।

মেজেরিয়ন্ বার্ক—Mezereion Cortex.

ড্যাফ্নি মেজেরিয়ন্ বৃক্ষের শুষ্ক বল্কল।

প্রঃ রূঃ। ইথিরিয়েল্ একষ্ট্রাক্ট্ অব্ মেজেরিয়ন্। (মেজেরিয়ন্ বল্কল ১ পাউণ্ড, শোধিত সুরা ৮ পাইন্ট, ইথর ১ পাইন্ট।)

কম্পাউণ্ড সাইনাপিস্ লিনিমেণ্ট প্রস্তুত জন্য আবশ্যক হয়।

ক্রিয়া। পরিবর্ত্তক, উত্তেজক, ঘর্ম্মকারক ও মূত্রকারক। অধিক মাত্রায় অন্ত্রে গোলমাল উপস্থিত করে। বাহ্য ব্যবহারে স্থানিক উগ্রতা-সাধক ও ফোস্কাকারক।

ব্যবহার। দ্বিতীয় অবস্থার উপদংশ রোগে ও বাতরোগে ব্যবহার হইত।

—০—

১৮শ পরিবর্ত্তক।

গোয়াকম উড্—Guaiaci Lignum.

গোয়েকম্ ধূনার মাত্রা ১০—৩০ গ্রেণ।

গোয়াকম্ অফিসিনেল বৃক্ষের কাষ্ঠ। এই বৃক্ষ হইতে প্রাপ্ত ধূনাকে গোয়াকম্ রেজিন্ বলে। মাত্রা ১০—৩০ গ্রেণ।

প্রঃ রূঃ। গোয়াকম্ কাষ্ঠ ডিককৃটম্ সার্সিকম্পোজিটা প্রস্তুত জন্য আবশ্যক হয়।

রেজিন হইতে প্রস্তুতঃ—

(১) মিশ্চুরা গোয়াসি। গোয়াকম্ মিক্শ্চর। (গোয়াকম্ রেজিন্ চূর্ণ, ও পরিষ্কৃত চিনি প্রত্যেক ॥০ আং, গম্-একেসিয়া চূর্ণ।০ আং, সিনামন্ ওয়াটর ১ পাইণ্ট। মাত্রা ॥০—২ আং।)

(২) টিংচর গোয়াসি এমোনিয়েটা বা এমোনিয়েটেড টিংচর অব গোয়াকম্। (গোয়াকম্ রেজিন্ চূর্ণ ৪ আং, এরোম্যাটিক্ স্পিরিট্ অব এমোনিয়া ১ পাইণ্ট। মাত্রা ॥০—১ ড্রাম্।)

সূঃ। ধূনা দেখেতে পাটল বা সবুজবর্ণ পিণ্ড।

ক্রিয়া। পরিবর্ত্তক, উত্তেজক, ঘর্ম্মকারক: মূত্রকারক, লালনিঃসারক, রজোনিঃসারক।

ব্যবহার। পুরাতন বাত, (বিশেষতঃ বৃদ্ধদিগের) গাউট, উপদংশীয় চর্ম্মরোগে, বা স্ক্রফিউলা- জনিত চর্ম্মরোগে দ্বিতীয় অবস্থার উপদংশ ইত্যাদি রোগে সমূহ উপকার করে। মেনরেজিয়া রোগে উপকারের সহিত ব্যবহার হয়।

বিরেচক।

১ম বিরেচক।

এরণ্ড তৈল Castor oil.

মাত্রা ১—৮ ড্রাম।

রিসিনস্ কমিউনিস্ বৃক্ষের বীজের তৈল।

এরণ্ড বীজ আচ্ছাদন মুক্ত করিয়া নিষ্পীড়িত করিলেই এই তৈল পাওয়া যায়।

প্রঃ রূঃ। মিশ্চ্যুরা ওলিয়ি রিসিনি (ক্যাষ্টর অইল ৬ ড্রাম্, লেমন্ অইল ১০ মিনিম্, লবঙ্গের তৈল ২ মিনিম্, শর্করার পাক ১॥০ ড্রাম্, পটাশ সল্যুসন্ ১ ড্রাম্, কমলাপুষ্পের জল ২ আং) মাত্রা ॥০—২ আং)।

স্বঃ। ঘন, পীতবর্ণ, বিশেষ গন্ধযুক্ত তৈল।

ক্রিয়া। মৃদুবিরেচক। গ্রহণে ৩।৪ বার কোষ্ঠ পরিষ্কার হয়।

ব্যবহার। প্রায় সকল রোগেই অন্ত্র পরিষ্কারার্থ ব্যবহার করা যাইতে পারে। ইহা ব্যবহার করিবার এই মাত্র প্রতিবন্ধক যে, গ্রহণ করিতে না করিতেই বমনেচ্ছা ও বমন হয়। অর্শ, ষ্ট্রিকচর্ অব্ দি রেক্‌টম্, গর্ভাবস্থায়, ও প্রসবান্তে, শিশুদিগের পীড়াতে, কোষ্ঠবদ্ধরোগে বিরেচনার্থ ইহাই সর্ব্বদা ব্যবহার হয়।

২য় বিরেচক।

জ্যালাপ Jalap.

মাত্রা ১০—৩০ গ্রেণ।

একসোগোনিয়ম্ পর্গা নামক লতার কন্দ।

প্রঃ রূঃ। (১) এক্‌ষ্ট্রাক্ট অব জ্যালাপ। (জ্যালাপ চূর্ণ ১ পাউণ্ড, শোধিত সুরা ৪ পাইণ্ট, পরিস্রুত জল ১ গ্যালন। মাত্রা ৫—১৫ গ্রেণ।)

(২) কম্পাউণ্ড জ্যালাপ পাউডার। (জ্যালাপ চূর্ণ ৫ আং, ক্রিম্ অব্ টার্টার ৯ আং, শুণ্ঠি চূর্ণ ১ আং। মাত্রা ২০—৬০ গ্রেণ।)

(৩) টিংচার অব্ জ্যালাপ (জ্যালাপ চূর্ণ ২॥• আং, পরীক্ষিত সুরা ১ পাইণ্ট। মাত্রা ॥০—২ ড্রাম্।)

(৪) জ্যালাপি রেজিনা। রেজিন্ অব্ জ্যালাপ। (জ্যালাপ চূর্ণ ৮ আং, শোধিত সুরা আবশ্যকমত, পরিস্রুত জল যথা-প্রয়োজন। মাত্রা ৪—৮ গ্রেণ।)

ক্রিয়া। বিরেচক।

ব্যবহার। ইহা প্রায়ই এসাইটিস্, স্ক্রফিউলা জনিত রোগে এবং ভার্মিনস্ পীড়াতে ব্যবহার হয়। শেষোক্ত পীড়াদ্বয়ে ক্যালমেল সহ ব্যবহার হয়। ড্রপসিতে ক্রিম্ অব্ টার্টার সহ প্রযুজ্য। অধিক দিন ব্যবহারে লাল নিঃসরণ করে। কোন ক্ষতে জ্যালাপ সংলগ্ন করিলে ভেদ হয়।

৩য় বিরেচক।

স্ক্যামনি—Scammony.

মাত্রা ৫—১• গ্রেণ।

স্কনৃভল্ভিউলস্ স্ক্যামোনিয়া বৃক্ষের মূল হইতে নিষ্কৃত ধূনাযুক্ত রস।

প্রঃ রূঃ। (১) কনফেক্‌সন্ অব স্ক্যামনি। (স্ক্যামনি চূর্ণ ৩ আং, শুণ্ঠি চূর্ণ ১॥০ আং, ক্যারাওয়ে তৈল ১ ড্রাম, লবঙ্গ তৈল ॥০ ড্রাম, শর্করাপাক ৩ আং, পরিষ্কৃত মধু ১॥০ আং মর্দ্দন করিবে। মাত্রা ১০—৩০ গ্রেণ।)

(২) কম্পাউণ্ড স্ক্যামনি পিল্। (স্ক্যামনি রেজিন্ ১ আং,

রেজিন্ অব জ্যালাপ ১ আং, কর্ড সোপ চূর্ণ ১ আং, শুণ্ঠির অরিষ্ট ১ আং, শোধিত সুরা ২ আং। মাত্রা ৫—১৫ গ্রেণ।)

(৩) রেজিন্ অব্ স্ক্যামনি। (স্ক্যামনি চূর্ণ ৮ আং, পরিস্রুত জল প্রয়োজনানুরূপ, শোধিত সুরা প্রয়োজনানুরূপ। মাত্রা ৫ গ্রেণ।)

(৪) মিকশ্চর অব্ স্ক্যামনি। (রেজিন ৪ গ্রেণ, দুগ্ধ ২ আং। মর্দ্দন করিয়া লইবে। মাত্রা ॥০—২ আং।)

(৫) কম্পাউণ্ড স্ক্যামনি পাউডার। (স্ক্যামনি ৪ আং, জ্যালাপ ৩ আং, শুণ্ঠি ১ আং। মাত্রা ১০—২০ গ্রেণ।)

স্বঃ। ধূসরবর্ণ, সছিদ্র।

ক্রিয়া। অত্যন্ত বিরেচক।

ব্যবহার। ব্যবহারে জলবৎ মলত্যাগ হয়। স্বাভাবিক মলবদ্ধ রোগে, অপ্রাদাহিক শোথ রোগে, এপোপ্লেক্সি রোগে, এবং বালকদিগের বিরেচন জন্য বিশেষ উপযোগী। মহীলতার ন্যায় ও সূত্রখণ্ডবৎ কৃমিরোগে ক্যালমেল সহযোগে ব্যবহার হয়।

৪র্থ বিরেচক।

একবেলিয়াই-ফ্রুক্টস—স্কোয়ার্টিং ক্যুকম্বর ফ্রুট।

অথ।——ইলেটিরিয়ম ফ্রুট—Elaterium Fruit.

মাত্রা $\frac{1}{16}$—॥০ গ্রেণ।

একবেলিয়ম্ অফিসিনেরম্ বৃক্ষের ফলের রসের গঁদ।

প্রঃ রূঃ। কম্পাউণ্ড ইলেটিরিয়ম্ পাউডার্। (ইলেটিরিয়ম ৫ গ্রেণ, ক্ষীর-শর্করা ১৯৫ গ্রেণ। উত্তমরূপে মিশ্রিত করিবে। মাত্রা ॥০—৫ গ্রেণ।)

স্বরূপ। পাতলা, লঘু, সবুজ মিশ্রিত পাঁশবর্ণ, এক প্রকার গন্ধ-বিশিষ্ট।

ক্রিয়া। অত্যন্ত বিরেচক। সেবনে বমন, বিবমিসা উপস্থিত হয়।

ব্যবহার। অপ্রাদাহিক ড্রপসিতে, এসাটাইটিস্ রোগে ও হাইড্রোথোরাক্স রোগে ব্যবহার হয়। দুর্ব্বল শরীরে ইহা সাবধানে ব্যবহার করা কর্ত্তব্য।

ইহার বীর্য্যের নাম ইলেটেরিন্। ইহা অতি বিরেচক। মাত্রা $\frac{১}{৪০}$—$\frac{১}{১০}$ গ্রেণ।

৫ম বিরেচক।

রুবার্ব্ব রুট—Rhei Radix.

বিরেচক মাত্রা ২—২০ গ্রেণ।

রিয়ম্ জাতীয় নানা প্রকার বৃক্ষের মূল।

প্রঃ রূঃ। (১) একষ্ট্রাক্ট অব রুবার্ব্ব। রুবার্ব্ব কুট্টিত ১ পাউণ্ড, পরিস্রুত জল ৫ প্যাং, শোধিত সুরা ১০ আং। মাত্রা ৫—১৫ গ্রেণ।)

(২) ইন্‌ফিউসন্ অব্ রুবার্ব্ব। (রুবার্ব্ব কুট্টিত ২ ড্রাম, উষ্ণ পরিস্রুত জল ১০ আং। মাত্রা ১—২ আং।)

(৩) কম্পাউণ্ড রুবার্ব্ব পিল। (রুবার্ব্ব সূক্ষ্মচূর্ণ ৩ আং, সকট্রা-মুসব্বর চূর্ণ ২।০ আং, মার্হ চূর্ণ ১।।০ আং, কঠিন সাবান ১।।০ আং. পিপার্‌মেন্ট তৈল ১।।০ ড্রাম, গ্লিস্‌রীন্ ১ আং, গুড় ৩ আং। মাত্রা ৫—১০ গ্রেণ।)

(৪) কম্পাউণ্ড রুবার্ব্ব পাউডার বা গ্রেগরিজ্ পাউডার। (রুবার্ব্ব

চূর্ণ ২ আং, লাইট ম্যাগ্নিসিয়া ৬ আং, শুণ্ঠিচূর্ণ ২ আং। মিশ্রিত করিবে। মাত্রা ২০—৬০ গ্রেণ।)

(৫) টিংচার অব্ রুবার্ব্ব। (রুবার্ব্ব কুট্টিত ২ আং, ছোট এলাচ চূর্ণ ।০ আং, ধনে কুট্টিত ।০ আং, কুমকুম ।০ আং, পরীক্ষিত সুরা ১ পাইণ্ট। পার্কলেসন্ দ্বারা প্রস্তুত। মাত্রা ১—২ ড্রাম।)

(৬) ওয়াইন্ অব রুবার্ব্ব। (রুবার্ব্ব চূর্ণ ১।০ আং, কেনিলা ৬০ গ্রেণ, সেরি ১ পাইণ্ট। মাত্রা ১—২ ড্রাম।)

(৭) সিরপ অব্ রুবার্ব্ব। (রুবার্ব্ব চূর্ণ ২ আং, ধনে চূর্ণ ২ আং, শর্করা ২৪ আং, শোধিত সুরা ৮ আং, পরিস্রুত জল ২৪ আং। মাত্রা ১—৪ ড্রাম।)

রুষীয়, চীনদেশীয় ও বিলাতী এই তিন প্রকার রুবার্ব্ব আছে।

ক্রিয়া। মৃদু বলকারক, বিরেচক ও সঙ্কোচক। অল্প মাত্রায় বলকারক ও পূর্ণমাত্রায় বিরেচক।

ব্যবহার। প্রাদাহিত ডায়েরিয়াতে ও শৈশবকালের পীড়ায় ও অজীর্ণ রোগে বিরেচনার্থ ব্যবহার হয়। আম্বাত রোগে কেহ কেহ ব্যবহার করিয়া সুন্দর ফল পাইয়াছেন।

৬ষ্ঠ বিরেচক।

সোনামুখী—সেনা—Senna.

মাত্রা ১০—২০ গ্রেণ।

নানা প্রকার ক্যাসিয়া বৃক্ষের পত্র।

প্রঃ রূঃ। (১) টিংচর অব্ সেনা। (সেনা ২॥০ আং, বীজরহিত কিস্‌মিস্ ২ আং, ধনিয়া ॥০ আং, বিলাতি জিরা ॥০ আং, পরীক্ষিত সুরা ১ পাইণ্ট। পার্কলেসন দ্বারা প্রস্তুত। মাত্রা ১—৪ ড্রাম।)

(২) ইন্‌ফিউসন্ অব্ সেনা। (সেনা ১ আং, শুণ্ঠি ২৮ গ্রেণ, উষ্ণ পরিস্রুত জল ১০ আং। মাত্রা ১—২ আং।)

(৩) সিরপ অব্ সেনা। (সেনা ১৬ আং, ধনিয়ার তৈল ৩ মিনিম্, শর্করা ২৪ আং, পরিস্রুত জল ৫ পাইণ্ট, শোধিত সুরা ৩ আং। মাত্রা ১—৪ ড্রাম্।)

(৪) কন্‌ফেক্‌সন্ অব্ সেনা। (সেনা চূর্ণ ৭ আং, ধনিয়া চূর্ণ ৩ আং, তেঁতুল ৯ আং, ডুম্বুর ১২ আং, সোণালির শস্য ৯ আং, যষ্টিমধু ১ আং, প্রুণ্ ৬ আং, শর্করা ৩০ আং, পরিস্রুত জল ৭৫ আং। মাত্রা ৬০—১২০ গ্রেণ।)

(৫) কম্পাউণ্ড সেনা মিক্‌শ্চর। (ম্যাগ্‌নিসিয়া সলফ ৪ আং, যষ্টিমধুর তরল সার ১ আং, টীংচর সেনি ২॥০ আং, এলাচি অরিষ্ট ১২ ড্রাম, ইন্‌ফিউসন্ অব সেনা ১৫ আং। মাত্রা ১—১॥০ আং।)

স্বঃ। ১ ইঞ্চ দীর্ঘ, গোলাকৃতি বিশেষ গন্ধযুক্ত।

ক্রিয়া। বিরেচক। ইহার কার্য্য কিছু উত্তেজক। শোধিত করিয়া কার্য্য করে। বায়ুনাশক ঔষধসহ ব্যবহার্য্য।

ব্যবহার। কোষ্ঠবদ্ধ, জ্বর ও অজীর্ণ রোগে বিরেচনার্থ ব্যবহার হয়।

৭ম বিরেচক।

এলোজ—(মুসব্বর)—Aloes.

মাত্রা ২—৬ গ্রেণ্।

লিলিয়েসি জাতীয় নানা প্রকার বৃক্ষের ঘনীভূত রস। দুই প্রকার মুসব্বর ব্যবহার হয়। (ক) এলোবার্বডেন্‌সিস্ (খ) এলো সকো-ট্রাইনা।

(ক) বার্ব্বেডাজ্ এলোজ্ হইতে প্রস্তুতঃ—

প্রঃ রূঃ। (১) একৃষ্ট্রাক্ট অব্ বার্বডোজ্ এলোজ্ (বার্বডোজ এলোজ্ ১ পাউণ্ড, উষ্ণ পরিস্রুত জল ১ গ্যালন। মাত্রা ২—৬ গ্রেণ।)

(২) পিল্ অব্ বার্বডোজ্ এলোজ। (বার্বডোজ্ এলোজ্ চূর্ণ ২ আং, কঠিন সাবান চূর্ণ ১ আং, বিলাতি জিরার তৈল ১ ড্রাম, গোলাবখণ্ড ১ আং, মর্দ্দন করিবে। মাত্রা ৫—১০ গ্রেণ।)

(৩) পিল্ অব এলোজ্ এণ্ড আয়রণ। (ফেরিসল্ফ চূর্ণ ১॥০ বার্ব্বডোজ এলোজ্ ২ আং, দারুচিনি আদি চূর্ণ ৩ আং, গোলাবখণ্ড ৪ আং। মাত্রা ৫—১০ গ্রেণ।

(খ) সকট্রাইন্ এলোজ্ হইতে প্রস্তুত :—

(১) কম্পাউণ্ড ডিকক্সন্ অব্ এলোজ্। মাত্রা ॥০—২ আং।

(২) একষ্ট্রাক্‌ট অব্ সকট্রাইন্ এলোজ। বার্বডোজ এলোজের ন্যায়। মাত্রা ২—৬ গ্রেণ।

(৩) পিল্ অব্ সকট্রাইন্ এলোজ। পূর্ব্বোক্ত পিলের ন্যায়, কেবল বিলাতি জিরার তৈলের স্থলে জায়ফলের তৈল। মাত্রা ৫—১০ গ্রেণ।

(৪) পিল অব এলোজ্ অ্যাণ্ড্ অ্যাসাফিটিডা। (সকট্রা এলোজ্ চূর্ণ ১ আং, হিঙ্গু ১ আং, সাবান চূর্ণ ১ আং, গোলাবখণ্ড ১ আং। মাত্রা ৫—১০ গ্রেণ।)

(৫) এলোজ অ্যাণ্ড মার্হ পিল্। (সকট্রা এলোজ্ ২ আং, মার্হ ১ আং, কুমকুম ॥০ আং, গোলাবখণ্ড ২॥০ আং। মাত্রা ৫—১০ গ্রেণ।)

(৬) টিংচর অব্ এলোজ্। (সকট্রা এলোজ চূর্ণ ॥০ আং, যষ্টিমধু ১॥০ আং, পরীক্ষিত সুরা ১ পাইন্ট। মাত্রা ১—২ ড্রাম।)

(৭) ওয়াইন্ অব্ এলোজ্। (এলোজ ১॥০ আং, এলাচি চূর্ণ ৮০ গ্রেণ, শুণ্ঠি চূর্ণ ৮০ গ্রেণ, সেরি ২ পাইন্ট। মাত্রা ১—২ ড্রাম।)

(৮) এলোজ্ এনিমা। (এলোজ্ ৪০ গ্রেণ, পটাশ কার্ব্বনেট ১৫ গ্রেণ, শ্বেতসারমণ্ড ১০ আং।)

এলোজের বীর্য্যের নাম **এলোইন।** মুসব্বর দ্রব করিয়া, তাহা দানা বাঁধিলে ইহা প্রস্তুত হয়।

স্বঃ। (ক) অস্বচ্ছ পিণ্ড, পাটল বা পীতবর্ণ, কদর্য্য তিক্ত আস্বাদ, দুর্গন্ধযুক্ত। (খ) অস্বচ্ছ, রক্ত পাটল বর্ণ, তিক্তাস্বাদ, সদ্‌গন্ধযুক্ত।

ক্রিয়া। অল্প মাত্রায় উত্তেজক, বিরেচক। বলকারক, পিত্তনিঃসারক, রজোনিঃসারক।

ব্যবহার। স্ত্রীলোকদিগের স্বাভাবিক কোষ্টবদ্ধ রোগে, শৈশবাবস্থায় কোষ্টবদ্ধ রোগে ব্যবহার হয়। যকৃৎপ্রদাহ ব্যতীত জন্‌ডিস্ রোগে কেহ কেহ ব্যবহারে উপকার পাইয়াছেন। রজোলোপ রোগে উপকার করে। ক্রিস্‌টিসন্ সাহেব বলেন, হিরাকস যোগে মুসব্বরের বিরেচক ক্রিয়া বৃদ্ধি হয় এবং হায়সায়ামস্ যোগে রেক্‌টমের উত্তেজন ক্রিয়ার লাঘব করে। হিষ্টিরিয়াজনিত কোষ্ঠবদ্ধ রোগে উপযোগী। পুরাতন আম্বাত রোগে কেহ কেহ ব্যবহারের অনুমোদন করেন।

মুসব্বর, গর্ভাবস্থায়, যকৃৎ প্রদাহ, রজোঽধিক রোগ, মূত্রাশয় প্রদাহ, কষ্টরজঃ ইত্যাদি লক্ষণ বর্ত্তমানে ব্যবহার অবিধেয়।

৮ম বিরেচক।

কলোসিন্থ—(ইন্দ্রবারুণী)—Colocynth Pulp.

মাত্রা ২—৮ গ্রেণ।

সাইট্রল্‌স কলোসিন্থিস্ বৃক্ষের ফলের শস্য।

প্রঃ রূঃ। (১) কম্পাউণ্ড এক্‌ষ্ট্রাক্‌ট অব্ কলোসিন্থ। (কলোসিন্থ ৬ আং, সকট্রা এলোজ সার ১২ আং, স্ক্যামনি ধূনা চূর্ণ ৪ আং,

কঠিন সাবান চূর্ণ ৩ আং, এলাচ চূর্ণ ১ আং, পরীক্ষিত সুরা ১ গ্যালন। মাত্রা ৩—১০ গ্রেণ।)

(২) কম্পাউণ্ড কলোসিন্থ পিল্। (কলোসিন্থ শস্য ১ আং, বার্ব্বেডো এলোজ চূর্ণ ২ আং, স্ক্যামনি ধুনা চূর্ণ ২ আং, পটাশ সল্‌ফ চূর্ণ।০ আং লবঙ্গ তৈল ২ ড্রাম, পরিস্রুত জল প্রয়োজনানুরূপ। মাত্রা ৫—১০ গ্রেণ।)

(৩) কলোসিন্থ অ্যাণ্ড হায়সায়মাস্ পিল্। (কম্পাউণ্ড কলোসিন্থ পিল্ ২ আং ও এক্‌ষ্ট্রাক্‌ট হেন্‌বেন্ ১ আং, মিশ্রিত করিবে। মাত্রা ৫—১০ গ্রেণ।)

স্বঃ। শস্য শ্বেতবর্ণ, লঘু, তিক্তাস্বাদ।

ক্রিয়া। অত্যন্ত বিরেচক। অধিক মাত্রায় বিষক্রিয়া করে। অল্প মূত্রকারক।

ব্যবহার। অপ্রাদাহিক ড্রপ্‌সি ও কোষ্ঠবদ্ধ রোগে বিরেচনার্থ ব্যবহার হয়।

৯ম বিরেচক।

ম্যানা (সীরখস্ত)—Manna.

মাত্রা ৬০ গ্রেণ—১ আং।

ফ্রাক্‌সাইন্ রোটণ্ডি ফোলিয়া এবং অর্ণস বৃক্ষের ঘনীভূত রস।

স্বঃ। শ্বেতবর্ণাখণ্ড, বন্ধুর, মিষ্টাস্বাদ।

ক্রিয়া। মৃদুবিরেচক। সদ্য অবস্থায় পোষক।

ব্যবহার। সদ্যপ্রসূত শিশুদিগের ও গর্ভাবস্থায় স্ত্রীলোকদিগের বিরেচনার্থ ব্যবহার হয়। যখন প্রথম পাওয়া যায়, তখন ম্যানা, ইহা

যে দেশে জন্মে, তত্তৎদেশবাসীদিগের পুষ্টিকর খাদ্য। ঔষধ বটিকা করণার্থ ব্যবহার হয়।

১০ম বিরেচক।

ম্যাগ্নিসিয়া—Magnesia.

মাত্রা ১০—৬০ গ্রেণ।

উত্তাপ দ্বারা কার্ব্বনেট্ অব্ ম্যাগ্নিসিয়া হইতে কার্ব্বনিক্ এসিড্ বায়ু দূরীভূত করিলে ইহা পাওয়া যায়।

স্বঃ। গন্ধাস্বাদহীন. শ্বেতবর্ণ চূর্ণ।

ক্রিয়া। মৃদুবিরেচক এবং অম্লনাশক, বমননিবারক।

ব্যবহার। শিশুদিগের, স্ত্রীদিগের এবং দুর্ব্বল ব্যক্তিদের পীড়ায় বিরেচন জন্য ব্যবহার হয়। রুবার্ব সহ ব্যবহার্য্য। অম্ল, বুক জালা, গ্যাষ্ট্রডাইনিয়া, গাউট, এবং রিউম্যাটিক ডায়াথিনস রোগে ব্যবহার হয়। আর্সেনিক্ এবং দ্রাবক দ্বারা বিষাক্ত হইলে ইহা বিষঘ্ন হইয়া উপকার করে।

১১শ বিরেচক।

কার্বনেট অব্ ম্যাগনিসিয়া।

Carbonate of Magnesia.

মাত্রা ১০—৬০ গ্রেণ।

সল্ফেট্ অব্ ম্যাগ্নিসিয়া ১০ আং, কার্বনেট্ অব্ সোডা ১২ আং, জল প্রয়োজনানুরূপ।

প্রঃ রূঃ (১) লাইকর ম্যাগনিসি কার্বনেটিস্। (ম্যাগনিসি সল্ফ্ ২ আং, সোডিকার্ব্ব ২৷৷০ আং পরিস্রুত জল প্রয়োজনানুরূপ। মাত্রা ১—২ আং।)

স্বঃ। শ্বেতবর্ণ চূর্ণ, কার্বনেট্ অব্ ম্যাগনিসিয়া দুই প্রকার, লঘু ও ভারি। গন্ধাস্বাদহীন।

ক্রিয়া। মৃদুবিরেচক, ও অম্লনাশক।

ব্যবহার। ম্যাগ্নিসিয়া যে যে রোগে ব্যবহার্য্য ইহাও সেই সেই রোগে ব্যবহার করা যায়।

১২শ বিরেচক।

সল্ফেট অব্ ম্যাগনিসিয়া।

Sulphate of Magnesia.

মাত্রা ৬০ গ্রেণ্—৷৷০ আং।

পূর্ব্বে এপ্সম্ স্প্রিংএর জল হইতে প্রস্তুত হইত।

প্রঃ রূঃ। (১) এনিমা অব্ সল্ফেট্ অব্ ম্যাগ্নিসিয়া (সল্-ফেট্ অব্ ম্যাগ্নিসিয়া ১ আং, জলপাই তৈল ১ আং, শ্বেতসার মণ্ড ১৫ আং।)

(২) এফার্ভেসেণ্ট সলফেট অব ম্যাগ্নিসিয়া (সলফেট্ অব্ ম্যাগ্নিসিয়া শুষ্ক ২৫ আং, বাইকার্ব্বনেট্ অব্ সোডিয়ম্ ১৮ আং, টার্টারিক্ এসিড্ ৯৷৷০ আং, সাইট্রিক্ এসিড্ ৬।০ আং, শর্করা ৫।০ আং। মাত্রা ।০—১ আং।)

স্বঃ। স্বচ্ছ, ক্ষুদ্র, বর্ণহীনবিশিষ্ট দানা।

ক্রিয়া ও ব্যবহার। বিরেচক, নানা প্রকার কোষ্ঠবদ্ধ রোগে ব্যবহার্য্য। জ্বর ও প্রদহাদিতে প্রথমাবস্থায় বিরেচন জন্য উপযোগী।

১৩শ বিরেচক।

লাইকর ম্যাগনিসি সাইট্র্যাটিস্।

Liquor Magnesia Citratis.

মাত্রা ৫—১০ আং।

কার্বনেট্ অব্ ম্যাগ্নিসিয়া ১০০ গ্রেণ্ সাইট্রিক্ এসিড্ ২০০ গ্রেণ, জম্বীর পাক ।।০ আং, পটাশ কার্বনেট্ ৪০ গ্রেণ, পরিস্রুত জল প্রয়োজনানুরূপ।

ক্রিয়া। বিরেচক।

১৪শ বিরেচক।

সল্ফেট অব পটাশ্—Sulphate of Potash.

মাত্রা ২০—৬০ গ্রেণ।

নাইট্রিক্ এসিড্ প্রস্তুত হইয়া যে লবণ অবশিষ্ট থাকে, তাহা ১ পাউণ্ড, চূর্ণ ৮ আং, উষ্ণ পরিস্রুত জল ।।০ গ্যালন, পটাশ কার্ব্বনেট ৬০ গ্রেণ, জলমিশ্র গন্ধকদ্রাবক আবশ্যকমত।

স্বঃ। গন্ধহীন, লবণাক্ত, বর্ণহীন, কঠিন, দানাদার।

ক্রিয়া। বিরেচক, শৈত্যকারক।

ব্যবহার। শিশুদিগের জন্য এবং স্ত্রীলোকদিগের প্রসবান্তে স্তন-দুগ্ধ হ্রাস ইচ্ছায়, বিরেচক বলিয়া ব্যবহার হয়।

১৫শ বিরেচক।

এসিড্ টার্ট্রেট্ অব্ পটাশ।

Acid Tartrate of Potash.

বা ক্রিম্ অব্ টার্টার।

মূত্রকারক মাত্রা ২০—৬০ গ্রেণ।

বিরেচক মাত্রা ১—৩ ড্রাম।

দ্রাক্ষা হইতে আসব প্রস্তুত সময়ে ইহার ক্রিম্ অব্ টার্টার্ ভাণ্ডের অভ্যন্তরে সংযত হয়। তাহাই পরিষ্কৃত।

স্বঃ। শ্বেতবর্ণ, গন্ধহীন, অম্লাস্বাদযুক্ত, দানাদার পিণ্ড।

ক্রিয়া। বিরেচক। অল্পমাত্রায় শৈত্য ও মূত্রকারক।

ব্যবহার। ড্রপ্সিতে মূত্রকারক বলিয়া এবং জ্বরে শৈত্যকারক ও বিরেচক বলিয়া ব্যবহার হয়।

১৬শ বিরেচক।

টার্ট্রেট অব্ পটাশ—Tartrate of Potash.

মাত্রা ৬০ গ্রেণ—৷৷০ আং।

ক্রিম্ অব্ টার্টার, ও পটাশ বাইকার্ব্বনেট্ আবশ্যকমত, পরিস্রুত জল ২৷৷০ পাইণ্ট।

স্বঃ। বর্ণহীন, গন্ধহীন, তিক্তাস্বাদযুক্ত, কোণবিশিষ্ট দানা।

ক্রিয়া। মৃদু বিরেচক। সদা সর্ব্বদা ব্যবহার হয়।

১৭শ বিরেচক।

সল্ফেট অব্ সোডিয়ম্—Sulphate of Soda.

মাত্রা ।০—১ আং।

সামান্য লবণ ও সল্ফিউরিক্ এসিড্ যোগে দ্রাবক প্রস্তুত করিলে তাহার অবশিষ্টাংশ।

প্রঃ রূঃ। এফার্ভেসেণ্ট সল্ফেট্ অব্ সোডিয়ম্ (সল্ফেট্ অব্ সোডিয়ম্ ২৫ আং, বাইকার্ব্বনেট্ অব্ সোডিয়ম্ ২৫ আং, টার্টা-রিক্ এসিড্ ১৩॥০ আং, সাইট্রিক এসিড্ ৯ আং) মাত্রা ২—৪ ড্রাম।

স্বঃ। স্বচ্ছ, গন্ধহীন, লবণাক্ত, তিক্তাস্বাদযুক্ত দানা।

ক্রিয়া। বিরেচক, মূত্রকারক; সল্ফেট্ অব্ ম্যাগ্নিসিয়া যে যে রোগে দেওয়া যায়, ইহাও প্রায় সেই সেই রোগে দেওয়া যায়।

১৮শ বিরেচক।

ফস্ফেট্ অব্ সোডিয়ম্—Sodii Phosphas.

মাত্রা ।০—১ আং।

দগ্ধ অস্থি চূর্ণ ১০ পাউণ্ড, গন্ধকদ্রাবক ৫৬ আং, কার্ব্বনেট্ অব্ সোডা আবশ্যকমত, পরিস্রুত জল প্রয়োজনানুরূপ।

প্রঃ রূঃ। এফার্ভেসেণ্ট ফস্ফেট্ অব্ সোডিয়ম্ (ফস্ফেট্ অব্ সোডিয়ম্ ২৫ আং, বাইকার্ব্বনেট্ অব্ সোডিয়ম্ ২৫ আং, টার্টারিক এসিড্ ১৩॥০ আং, সাইট্রিক্ এসিড্ ৯ আং) মাত্রা ২—৪ ড্রাম।

স্বঃ। গন্ধহীন, লবণাস্বাদযুক্ত, বর্ণহীন, স্বচ্ছ দানাবিশিষ্ট।

ক্রিয়া। বিরেচক, মূত্রকারক, পরিবর্ত্তক। সল্ফেট্ অব্ ম্যাগ্-নিসিয়া ও সোডার ন্যায় কার্য্য করে; বিকটাস্বাদ নহে, এজন্য বালক-দিগের ও দুর্ব্বল ব্যক্তিদিগের জন্য ব্যবহার হয়। প্রস্রাবে ইউরিক্ এসিড্ জন্মিলে তাহাতে ব্যবহার করা যায়।

১৯শ বিরেচক।

টার্টারেটেড্ সোডা—Tartarated Soda.

মাত্রা ।০—॥০ আং।

কার্ব্বনেট্ অব্ সোডা ও ক্রিম্ অব্ টার্টার যোগে উৎপন্ন হয়।

প্রঃ রূঃ। এফার্ভেসেণ্ট টার্টারেটেড সোডা বা সিড্লিজ্ পাউডার্ (সোডি এট্ পটাশি টার্ট্রাস্ ১২০ গ্রেণ, বাইকার্ব্বনেট অব্ সোডিয়ম্ ৪০ গ্রেণ একত্র মিশ্রিত করিয়া, টার্টারিক্ এসিড্ ৩৮ গ্রেণ পৃথক লইবে। প্রথম দ্রব্যগুলি জলে গুলিয়া শেষোক্ত এসিড্ মিশ্রিত করিবে।)

স্বঃ। গন্ধহীন, লবণাস্বাদযুক্ত, বর্ণহীন, স্বচ্ছ দানাবিশিষ্ট।

ক্রিয়া। বিরেচক, মূত্রকারক ও শৈত্যকারক।

২০শ বিরেচক।

প্রুণ্—Prune.

প্রুণস্ ডোমেষ্টিকস্ বৃক্ষের শুষ্ক ফল।

ক্রিয়া। মৃদু বিরেচক। বিকটাস্বাদ দূরীকরণ জন্য ইনফিউসন্ সিনার সহিত কখন কখন ব্যবহার হয়।

২১শ বিরেচক।

ক্যাসিয়া পল্‌প—Cassia Pulp.

মাত্রা ৬০ গ্রেণ—১ আং।

ক্যাসিয়া ফিষ্টিউলা বৃক্ষের ফলের শস্য।

ক্রিয়া। মৃদু বিরেচক। অন্য ঔষধসহ ব্যবহার্য্য। ইহা সেবনে উদরে বেদনাদি জন্মে।

২২শ বিরেচক।

পডফিলম্‌ রিজোমা—Podophyllum Rhizome.

চূর্ণের মাত্রা ৮—১০—২০ গ্রেণ্‌।

পডফিলম্‌ পেল্‌টেটম্‌ বৃক্ষের শুষ্ক কন্দ।

প্রঃ রূঃ। রেজিন্‌ অব্‌ পডফিলম্‌ (পডফিলম্‌ চূর্ণ ১ পাউণ্ড, শোধিত সুরা, পরিস্রুত জল ও লবণ দ্রাবক প্রয়োজনানুরূপ। মাত্রা ।০—১ গ্রেণ।)

স্বঃ। পডফিলম্‌ ২ ইঞ্চ দীর্ঘ, দেখিতে পাটলবর্ণ, বিশেষ গন্ধ ও কদর্য্য আস্বাদযুক্ত।

ক্রিয়া। বিরেচক, পিত্তনিঃসারক ও পরিবর্ত্তক।

রেজিন্‌ অব্‌ পডফিলম্‌।

স্বঃ। দেখিতে ঈষৎ পাটলবর্ণ।

প্রঃ রূঃ। টিংচ্যুরা পডফিলাই (রেজিন্‌ অব্‌ পডফিলম্‌ ১৬০ গ্রেণ, শোধিত সুরা ১ পাইন্ট। মাত্রা ১৫—৬০ মিনিম্‌।)

ক্রিয়া। বিরেচক, পরিবর্ত্তক ও পিত্তনিঃসারক, হেন্‌বেনের সার সহ ।০—১ গ্রেণ মাত্রায় বটিকাকারে ব্যবহার হয়।

ব্যবহার। কোষ্ঠবদ্ধ রোগে ও জ্বরাবস্থায় বিরেচন জন্য ব্যবহার যকৃৎ রোগে উপকারী। ঔপদংশিক রোগে কেহ কেহ বলেন, ব্যবহারে বিলক্ষণ উপকার দর্শে।

২৩শ বিরেচক।

বেল্—Bael.

ইগ্ল মার্মিলস্ বৃক্ষের অর্দ্ধপক্ক ফলের আভ্যন্তরিক শস্য।

প্রঃ রূঃ। লিকুইড্ এক্‌ষ্ট্রাক্‌ট্ অব্ বেল্। (বেলের শস্য ১ পাউণ্ড, জল ১২ পাইন্ট, শোধিত সুরা ২ আং। মাত্রা ।০—৪ ড্রাম।)

স্বঃ। যখন ইহা আমাদের দেশীয় ফল, তখন ইহার আকারাদির বর্ণন অপ্রয়োজন। যেহেতু সকলেই এই ফল দেখিয়াছেন।

ক্রিয়া। বিরেচক, সংকোচক।

ব্যবহার। কোষ্ঠবদ্ধ রোগে এবং ডিসেণ্ট্রিতে ব্যবহার হয়। কোষ্ঠবদ্ধ রোগে বেলের সরবত উপাদেয় পানীয় অথচ বিরেচক।

২৪শ বিরেচক।

ফিগ্ (ডুম্বুর)—Fig.

ফিকস্ ক্যারিকা বৃক্ষের শুষ্ক ফল।

ক্রিয়া। মৃদু বিরেচক। কন্‌ফেক্‌সিও সিনা প্রস্তুতার্থ ব্যবহার হয়।

২৫শ বিরেচক।

ট্যামারিণ্ডস্—ট্যামারিণ্ড—তেঁতুল—Tamarind.

লিগিউ মিনেসি জাতীয় ট্যামরিণ্ডস্ ইণ্ডিকানামক বৃক্ষের পক্ক-ফলের শস্য। ভারতবর্ষের সর্ব্বত্র জন্মে।

ক্রিয়া। মৃদু বিরেচক ও শৈত্যকারক। ইহার পানীয় রুচিকর ও মৃদু বিরেচক।

২৬শ বিরেচক।

রাম্‌নাই ফ্রাঙ্গুলি কর্টেক্স—ফ্রঙ্গিউলা বার্ক।

Rhamni Frangulæ Cortex.

রাম্‌নেসি জাতীয় রাম্‌নাস্ ফ্রাঙ্গিউলা নামক বৃক্ষের শুষ্ক বল্কল।

প্রঃ রুঃ। (১) এক্‌ষ্ট্রাক্‌ট্ অব্ রাম্‌নাস্‌ফ্রাঙ্গিউলা। (রামনাস্ ফ্রাঙ্গিউলা চূর্ণ ১ পাউণ্ড, পরীক্ষিত সুরা ও জল প্রয়োজনানুরূপ। যথা-বিধ নিয়মে প্রস্তুত করিবে।) মাত্রা ১৫—৬০ গ্রেণ।

(২) লিকুইড্ এক্‌ষ্ট্রাক্‌ট্ অব্ রামনাস্ ফ্রাঙ্গিউলা। (রামনাস্ ফ্রাঙ্গিউলা চূর্ণ ১ পাউণ্ড, শোধিত সুরা ৪ আং, পরিস্রুত জল প্রয়োজনানুরূপ। উপযুক্ত নিয়মে প্রস্তুত করিবে।) মাত্রা ১—৪ ড্রাম।

স্বঃ। ক্ষুদ্র নলাকারে গুটিত বল্কল। দেখিতে ধূসর মিশ্রিত পাটল বর্ণ। বিশেষ গন্ধহীন, অল্প মিষ্ট অল্প তিক্তাস্বাদযুক্ত।

ক্রিয়া। মৃদু বিরেচক। অধিক মাত্রায় সেবনে জলবৎ ভেদ হয় অর্শরোগে বিশেষ উপকার করে। ক্রমাগত দীর্ঘকাল সেবনে অভ্যস্ত হয় না। ইহা সেবনে উদরে বেদনাদি জন্মে না।

২৭শ বিরেচক।

রাম্‌নাই পর্শিয়ানি কর্টেক্‌স—সেক্রেড্‌ বার্ক।

Rhamni Purshiani Cortex.

মাত্রা ৩—১৫ গ্রেণ্‌।

ইহাকে কাস্কারা স্যাগ্রাডা কহে।

রাম্‌নেসি জাতীয় রামনাস্‌ পর্শিয়ানাস্‌ বৃক্ষের শুষ্ক বল্কল।

প্রঃ রূঃ। (১) একৃষ্ট্রাক্‌ট অব কাস্কারাস্যাগ্রাডা। (কাস্কারা স্যাগ্রাডা চূর্ণ ১ পাউণ্ড, পরীক্ষিত সুরা ও পরিস্রুত জল প্রয়োজনানুরূপ, উপযুক্ত উপায়ে প্রস্তুত করিবে। মাত্রা ২—৮ গ্রেণ।)

(২) লিকুইড্‌ একৃষ্ট্রাক্‌ট অব্‌ কাস্কারা স্যাগ্রাডা। (কাস্কারা স্যাগ্রাডা চূর্ণ ১ পাউণ্ড, শোধিত সুরা ৪ আং, পরিস্রুত জল প্রয়োজনানুরূপ। উপযুক্ত নিয়মে প্রস্তুত করিবে।) মাত্রা ১০—৬০ মিনিম।

স্বঃ। পেন্‌ কলমের ন্যায় গুটিত বল্কল।

ক্রিয়া। মৃদু বিরেচক। দুর্নিবার কোষ্ঠবদ্ধ রোগে ২০ ফোটা লিকুইড্‌ একষ্ট্রাক্‌ট দিবসে তিন বার নিয়মে সেবনে নিয়মিতরূপে কোষ্ঠপরিষ্কার হয়। অর্শরোগে আভ্যন্তরিক বলি থাকিলে উপকার হয়।

———

২৮শ বিরেচক।

ক্রোটন্‌ অইল্‌ (জয়পাল তৈল)—Croton Oil

মাত্রা ½—১ মিনিম্‌।

ক্রোটন্‌ টিগ্‌লিয়ম্‌ বৃক্ষের বীজের তৈল।

প্রঃ রূঃ। লিনিমেণ্ট অব্‌ ক্রোটন্‌ অইল্‌। (ক্রোটন্‌ অইল ১ আং, ক্যাজুপুট অইল্‌ ও শোধিত সুরা প্রত্যেক ৩॥০ আং।)

স্বঃ। পাটলবর্ণ, গাঢ়, বিশেষ গন্ধ ও বিকট আস্বাদযুক্ত।

ক্রিয়া। অত্যন্ত বিরেচক। বাহ্য প্রয়োগ উগ্রতাসাধক।

ব্যবহার। দুর্ব্বল অবস্থায় কদাচ ব্যবহার্য্য নহে। দুর্দ্দম্য মলবদ্ধ, শোথ [ড্রপ্সি], বিবিধ প্রকার আক্ষেপজনক ও শূলরোগে, ব্যবহার হয়।

২৮শ বিরেচক।

গ্যাম্বোজ – Gamboge

মাত্রা ১—৪ গ্রেণ।

গটিফ্‌রি জাতীয় গার্সিনিয়া মোরেলা নামক বৃক্ষের গঁদ ও ধূনাযুক্ত ঘনীভূত রস।

প্রঃ রূঃ। কম্পাউণ্ড গ্যাম্বোজ পিল্। (গ্যাম্বোজ ১ আং বার্ব্বিডোজ্ এলোজ্ ১ আং, দারুচিন্যাদি চূর্ণ ১ আং কঠিন সাবান চূর্ণ ২ আং, শর্করার পাক আবশ্যকমত। মাত্রা ৫—১০ গ্রেণ।)

ক্রিয়া। অত্যন্ত বিরেচক ও কৃমিনাশক।

ব্যবহার। শোথ, উদরী, কঠিন কোষ্ঠবদ্ধ রোগে ক্রিম্ অব্ টার্টার সহ ব্যবস্থা। কৃমিনাশক গুণ থাকায় কেহ কেহ ফিতার ন্যায় কৃমিতে ব্যবহার করেন। কিন্তু এই সকল রোগ যদি গর্ভবতী স্ত্রীলোক, নিতান্ত বালক, রোগী দুর্ব্বল ও রজস্বলাবস্থার স্ত্রীলোকের হয়, তবে প্রয়োগ নিষেধ।

বমনকারক।

১ম বমনকারক।

ইপিকাকুয়ানা—Epecacuanba.

মাত্রা কফনিঃসারক ৷৹—৩ গ্রেণ, বমনকারক ১৫—৩০ গ্রেণ।

সিকেলিস্ ইপিকাকুয়ানা লতার শুষ্ক মূল।

প্রঃ রূঃ। (১) পাইল্যুলা ইপিকাকুয়ানা কম্ সিলা। (কম্পাউণ্ড্ পাউডার্ অব্ ইপিকাকুয়ানা ৩ আং, স্কুইল চূর্ণ ও এমোনায়েকম্ চূর্ণ প্রত্যেক ১ আং, গুড় আবশ্যকমত। মাত্রা ৫—১০ গ্রেণ।) প্রায় ২৩ অংশে ১ অংশ ইপিকাকুয়ানা আছে।

(২) পল্ভিস্ ইপিকাকুয়ানা কম্পোজিটস্ (ইপিকাকুয়ানা চূর্ণ ॥৹ আং, সল্ফেট্ অব্ পটাশ চূর্ণ ৪ আং, অহিফেন ॥৹ আং, মাত্রা ৫—১৫ গ্রেণ।) ইহাকে ডোভার্স পাউডার বলে। দশ অংশে এক অংশ ইপিকাক্ ও ১ অংশ অহিফেন আছে।

(৩) ট্রচিসাই ইপিকাকুয়ানি (ইপিকাকুয়ানা চূর্ণ ১৮০ গ্রেণ, পরিষ্কৃত চিনি ২৫ আং, গম্ একেসিয়া চূর্ণ ১ আং, মিউসিলেজ অব্ গম্ একেসিয়া ২ আং, পরিস্রুত জল ১ আং। ৭২০ অংশ করিবে। মাত্রা ১—৩টা।) প্রত্যেক লোজেঞ্জস্তে ।৹ গ্রেণ ইপিকাকুয়ানা আছে।

(৪) ভাইনম্ ইপিকাকুয়ানা (ইপিকাকুয়ানা কুট্টিত ১ আং, এসেটিক্ এসিড্ ১ আং, পরিস্রুত জল প্রয়োজনানুরূপ, সেরি ১ পাইণ্ট। মাত্রা ৫—৪০ মিনিম্ কফনিঃসারক, ৩—৬ ড্রাম বমনকারক।) এক আউন্সে ১২ গ্রেণ ইপিকাক আছে।

(৫) এসিটম্ ইপিকাকুয়ানি (ইপিকাকুয়ানা চূর্ণ ১ আং, জল মিশ্র সির্কাদ্রব ২০ আং।) মাত্রা ৫—৪০ মিনিম্।

স্বঃ। ৩ ইঞ্চ লম্বা, ছোট পেনকলমের ন্যায়।

ক্রিয়া। কফনিঃসারক, স্বেদজনক, বমনকারক, পিত্তনিঃসারক, রজোনিঃসারক, বিরেচক।

ব্যবহার। বালক ও দুর্ব্বল ব্যক্তিদের বিশেষতঃ স্ত্রীদিগের বমন জন্য ইহা বিশেষ উপযোগী। বালকদিগের বিরেচন জন্যও ব্যবহার হয়। এগু, হিষ্টিরিয়া, বা হুপিংকফ রোগে বিশেষ উপকারী। পাকাশয় প্রদাহ থাকিলে বমন জন্য টার্টার এমেটিক্ অপেক্ষা ইহা উত্তম। বিবিধ রক্তস্রাব যেমত রক্তোৎকাশ, রক্তবমন ইত্যাদিতে উপকারী। বিবিধ কাশরোগে বিলক্ষণ উপকার করে, তজ্জন্য প্রায়ই ইহার ভাইনম্ ব্যবহার হয়। অতিসার ও উদরাময় রোগে, গর্ভাবস্থায় বমন নিবারণ জন্য এবং জ্বর ও তৎসঙ্গে যকৃতে রক্তাধিক্য থাকিলে উপকারের সহিত ব্যবহার হয়।

২য় বমনকারক।

মষ্টার্ড (সর্ষপ) — Sinapis.

মাত্রা। বমন করণার্থ উষ্ণ জলসহ ॥০ আউন্স।

প্রঃ রূঃ। (১) ক্যাটাপ্লাজ্মা সাইনাপিস্। (সর্ষপ চূর্ণ ২॥০ আং, লিন্‌সিড্ মিল (তিসির খৈল) ২॥০ আং, উষ্ণ জল ১০ আং।)

(২) চার্টাসিনাপিস্। (ব্ল্যাক্ মষ্টার্ড সিড্ ১ আং, সলুসন্ অব্ গটাপার্চ্চা ২ আং।)

(৩) ওলিয়ম্ সাইনাপিস্। সর্ষপ হইতে প্রথমতঃ তৈল বাহির করিয়া লইবে। অবশিষ্টাংশকে জলসহযোগে চুয়াইলে ইহা প্রাপ্ত হওয়া যায়।

(ক) লিনিমেণ্ট সাইনাপিস্ কম্পোজিটস্ (মষ্টার্ড অইল্ ১ ড্রাম,

ইম্পিরিয়েল, একষ্ট্রাক্ট অব মেজেরিয়ন্ ৪০ গ্রেণ, কর্পূর ১২০ গ্রেণ, ক্যাষ্টর অইল ৫ ড্রাম, শোধিত সুরা ৪ আং।)

স্বঃ। (বর্ণন অনাবশ্যক)

ক্রিয়া। বমনকারক, আগ্নেয়, মূত্রকারক, উত্তেজক। বাহ্য ব্যবহারে উগ্রতাসাধক ও ফোস্কাকারক।

ব্যবহার। বিষাক্ততা হেতু পাকযন্ত্র শিথিল ও দুর্ব্বল হইলে উৎকৃষ্ট বামক। কলেরা, এপপ্লেক্সি ও প্যারালিসিস্ এবং দুর্ব্বল ও বৃদ্ধাবস্থার সর্দ্দিতে ব্যবহার হয়।

ইহার বাহ্যিক ব্যবহারে প্রত্যুগ্রতা সাধন জন্য পদের বেদনায়, টাইফইড জ্বরহীনাবস্থায়, বিশেষতঃ যখন প্রলাপ বর্ত্তমান থাকে, এপপ্লেক্সি এবং কোমাতে ও অবসাদক বিষ দ্রব্য দ্বারা বিষাক্ত হইলে, কলেরাতে, পল্‌মোনারি ও কার্ডিয়াক্ পীড়াতে, স্নায়ুশূল এবং আভ্যন্তরিক বিবিধ যন্ত্রের পীড়ায় ব্যবহার হয়।

৩য় বমনকারক।

ক্লোরাইড্ অব্ সোডিয়ম্।

Sodae Chloras,

(পরিবর্ত্তক ঔষধ শ্রেণীতে দেখ)

৪র্থ বমনকারক।

সল্‌ফেট অব্ জিঙ্ক—Zinci Sulphas.

(বলকারক ঔষধ শ্রেণীতে দেখ।)

৫ম বমনকারক।

সলফেট্ অব্ কপার—Cupri Sulphas.

(বলকারক ঔষধ শ্রেণীতে দেখ)

৬ষ্ঠ বমনকারক।

টার্টারেটেড অব্ এণ্টিমনি

Antimonium Tartaratum.

(অবসাদক ঔষধ শ্রেণীতে দেখ)

মূত্রকারক।

১ম মূত্রকারক।

ক্যান্থারাইডিস্—Cantharidis.

মাত্রা ॥০—২ গ্রেণ্।

ক্যান্থারিস্ ভেসিক্যাটোরিয়া নামক পতঙ্গ।

প্রঃ রূঃ। (১) এসিটম্ ক্যান্থারাইডিস্ (ক্যান্থারাইডিস্ চূর্ণ ২ আং, গ্লেসিয়াল্ এসেটিক্ এসিড্ ২ আং; এসেটিক্ এসিড ১৮ আং বা আবশ্যক মত।)

(২) চার্টা এপিস্প্যাষ্টীক্যা। (শ্বেতমোম ৪ আং, স্পারমাসেটি ১॥০ আং, জলপাই তৈল ২ আং, ধূনা ৮০ আং, ক্যানেডা ব্যাল্সাম্ ।০ আং, ক্যান্থারাইডিস্ চূর্ণ ১ আং, পরিস্রুত জল ৬ আং।)

(৩) এম্প্ল্যাষ্ট্রম্ ক্যালিফেসিয়েন্‌স। ওয়ারম্ প্ল্যাষ্টার। (ক্যান্থারাইডিস্ চূর্ণ, জলপাই তৈল, পীত মোম, ধূনা, প্রত্যেক ৪ আং, সোপ প্ল্যাষ্টার্ ৩০ পাউণ্ড, রেজিম্ প্ল্যাষ্টার ২ পাউণ্ড, উষ্ণ জল ১ পাইণ্ট।)

(৪) এম্প্ল্যাষ্ট্রম্ ক্যান্থারাইডিস্। ক্যান্থারাইডিস্ চূর্ণ ১২ আং, পীতমোম ও মেষবসা প্রত্যেক ৭॥০ আং, শূকরের বসা ৬ আং, ধূনা ৩ আং।)

(৫) লাইকর্ এপিস্প্যাষ্টিকস্। (ক্যান্থারাইডিস্ চূর্ণ ৮ আং, এসেটিক্ এসিড্ ৪ আং, ইথর প্রয়োজনানুরূপ।)

(৬) টিংচর ক্যান্থারাইডিস্। (ক্যান্থারাইডিস্ চূর্ণ ।০ আং, পরীক্ষিত সুরা ১ পাইণ্ট। মাত্রা ৫—২০ মিনিম্।)

(৭) অঙ্গুয়েণ্টম্ ক্যান্থারাইডিস্। (ক্যান্থারাইডিস্ ও পীত মোম প্রত্যেক ১ আং, ওলিভ্ অইল্ ৬ আং।)

স্বঃ। ৮ হইতে ১০ লাইন লম্বা ২টী সবুজ বর্ণের পক্ষ বিশিষ্ট, নিম্নে বহুসংখ্যক ক্ষুদ্র ক্ষুদ্র পক্ষ আছে, উগ্র গন্ধ।

ক্রিয়া। মূত্রকারক, উত্তেজক। অধিক মাত্রায় ব্যবহারে প্রবল বিষ ও মৃত্যু পর্য্যন্ত ঘটায়। বাহ্য ব্যবহারে দাহক, ফোস্কাকারক।

ব্যবহার। গ্লিট্, লুকোরিয়া, এবং মূত্রাশয়ের পুরাতন পীড়া বশতঃ পূযক্ষয় রোগে ব্যবহার হয়।

বাতরোগ ও স্থানিক বেদনা, পুরাতন সর্দ্দি, বৃদ্ধাবস্থায় স্বভাবসিদ্ধ কাশ রোগে, ফুস্‌ফুস্ প্রদাহ ও যকৃৎ ইত্যাদি আভ্যন্তরিক যন্ত্রের প্রদাহে ইহা ব্যবহার হয়। জ্বরে শারীরিক জীবনী শক্তির হ্রাস হইলে ইহা উত্তেজক হইয়া সমূহ ফল দর্শায়। বিবিধ ক্ষতে ও শিরঃপীড়ায় ব্যবহার হয়। লুপ্ত রজোরোগে (এমিনোরিয়া) ইহার আভ্যন্তরিক প্রয়োগ বিশেষ ফলপ্রদ।

২য় মূত্রকারক।

সিলা—Scilla—Squill.

চূর্ণের মাত্রা ১—৩ গ্রেণ্।

অর্জিনিয়া সিলা বৃক্ষের শুষ্ক কন্দ।

প্রঃ রূঃ। (১) এসিটম্ সিলি। (সিলা কুট্টিত ২॥০ আং, ডাই-লিউটেড্ এসেটিক্ এসিড্ ১ পাইণ্ট, পরীক্ষিত সুরা ১॥০ আং। মাত্রা ১৫—৪০ মিনিম্।)

(ক) অক্সিমেল্ সিলি। (এসিটম্ সিলি ১ পাইণ্ট, মধু ২ পাউণ্ড। মাত্রা ॥০—১ ড্রাম।)

(খ) সিরপস্ সিলি (এসিটম্ সিলি ১ পাইণ্ট, পরিষ্কৃত চিনি ২॥০ পাউণ্ড। মাত্রা ॥০—১ ড্রাম।)

(২) পাইলুলা ইপিকাকুয়ানা কম্ সিলি। (ইপিকাকুয়ানা দেখ।)

(৩) পাইলুলা সিলি কম্পোজিটা। (স্কুইল চূর্ণ ১।০ আং, জিঞ্জার চূর্ণ, এমোনায়েকম্ চূর্ণ, শুষ্ক সাবান চূর্ণ প্রত্যেক ১ আং, গুড় ২ আং। মাত্রা ৫—১০ গ্রেণ।)

(৪) টিংচর্ অব্ সিলি। (স্কুইল চূর্ণ ২॥০ আং, পরীক্ষিত সুরা ১ পাইণ্ট। মাত্রা ১০—৩০ মিনিম।)

স্বঃ। অর্দ্ধসের হইতে ৫ সের পর্য্যন্ত ভারি।

ক্রিয়া। মূত্রকারক, বমনকারক, উত্তেজক, কফনিঃসারক। অধিক মাত্রায় বিষ ক্রিয়া করে। এমন কি ২০ গ্রেণ খাইয়া মৃত্যু হইয়াছে।

ব্যবহার। মূত্রকারক বলিয়া প্রায়ই ডিজিট্যালিস্ ও ক্যালমেল্ সহ ব্যবহার হয়। সাধারণ শোথ হইতে স্থানিক শোথ রোগে স্কুইল বিশেষ উপকার করে। শিশুদের ব্রঙ্কাইটিস্, ক্রুপ রোগে বমনকারক বলিয়া প্রায়ই ব্যবহার হয়। শিশুদের ব্রঙ্কাইটিস্ ও নিউমোনিয়াতে বিশেষ উপকারী।

৩য় মূত্রকারক।

কোপেবা—Copaiba.

মাত্রা ॥০—১ ড্রাম।

কোপেফেরা মণ্টিজুগা বৃক্ষ হইতে প্রাপ্ত তৈলযুক্ত ধূনা।

প্রঃ রূঃ। ওলিয়ম্ কোপেবা। (কোপেবা হইতে চুয়াইয়া প্রস্তুত হয়। মাত্রা ৫—২০ মিনিম্।)

স্বঃ। জলপাই তৈলের ন্যায়, ঈষৎ পীতবর্ণ, স্বচ্ছ, গন্ধবিশিষ্ট।

ক্রিয়া। মূত্রকারক, উত্তেজক, অধিক মাত্রায় অন্ত্রে গোলমাল উপস্থিত করে।

ব্যবহার। গণোরিয়ার মহৌষধ। লুকোরিয়া, ক্রনিক্ ক্যাটার্ অব্ দি ব্ল্যাডার, বৃদ্ধ ও দুর্ব্বল ব্যক্তিদের পুরাতন ব্রঙ্কাইটিস্ এবং পুরাতন অতিসার রোগে ব্যবহার হইয়াছে।

৪র্থ মূত্রকারক।

জুনিপর অইল—Oleum Juniper.

মাত্রা ১—৪ মিনিম্।

জনিপারস্ কমিউনিস্ বৃক্ষের অপক্ব ফল হইতে চুইয়া এই তৈল প্রস্তুত হয়।

প্রঃ রূঃ। স্পিরিটস্ জুনিপারি। (জুনিপারি তৈল ১ আং, শোধিত সুরা ৪৯ আং। মাত্রা ॥০—১ ড্রাম।) ক্রিয়োজোট্ মিক্শ্চারে ব্যবহার হয়।

ক্রিয়া। উত্তেজক, মূত্রকারক, বায়ুনাশক।

ব্যবহার। শোথ রোগে মূত্রকারক রূপে ব্যবহার হয়।

৫ম মূত্রকারক।

ব্রুম্ টপ্স—Broom tops (Scoparii Cacumina.)

সরো-থ্যাম্নস্ স্কোপারিস্ বৃক্ষের সরস ও শুষ্ক শাখাগ্র।

প্রঃ রূঃ। (১) ডিককৃটম্ স্কোপ্যারাই (ব্রুম্টপ্স্ কুট্টিত ১ আং, পরিস্রুত জল ১ পাইণ্ট। মাত্রা ২—৪ আং।)

(২) সক্কস্ স্কোপ্যারাই (সরস ব্রুম্ টপ্স্ ৭ পাউণ্ড, শোধিত সুরা আবশ্যকমত। মাত্রা ১—২ ড্রাম।)

স্বঃ। সরল কোণবিশিষ্ট, সবুজবর্ণ, কদর্য্য আস্বাদ, এক প্রকার গন্ধবিশিষ্ট।

ক্রিয়া। মূত্রকারক, বিরেচক, বমনকারক।

ব্যবহার। মূত্রকারক বলিয়া শোথ রোগে ব্যবহার হয়।

৬ষ্ঠ মূত্রকারক।

বকু লিভ্স—Buchu Folia.

পত্র চূর্ণ। মাত্রা ২০—৪০ গ্রেণ্।

বারোজ্মা বেটুলিনা, বারোজ্মা ক্রিনিউলেটা ও বারোজমা সিরাটিফেলিয়া বৃক্ষের শুষ্ক পত্র।

প্রঃ রূঃ। (১) ইন্ফিউসম্ বকু। (বকুপত্র ॥০ আং, উষ্ণ পরিস্রুত জল ১০ আং। মাত্রা ১—৪ আং।)

(২) টিংচর্ বকু। (বকু পত্র ২॥০ আং, পরীক্ষিত সুরা ১ পাইণ্ট। মাত্রা ১—২ ড্রাম।)

স্বঃ। পীত হরিৎবর্ণ, উজ্জ্বল, কর্পূরের ন্যায় গন্ধযুক্ত।

ক্রিয়া। মূত্রকারক, ঘর্ম্মকারক, উত্তেজক, আগ্নেয়, বলকারক, বায়ুনাশক।

ব্যবহার। শোথ-রোগে, গণোরিয়া, মূত্রাশয় প্রদাহ ও কোন কোন প্রকার মূত্ররোগে বিলক্ষণ উপকারক। পাকযন্ত্রের বিশৃঙ্খলতা ও তৎসঙ্গে২ অল্প প্রস্রাব ও প্রস্রাবে লিথে্‌টস্‌ বর্ত্তমান থাকিলে ইহা দ্বারা অতি উৎকৃষ্ট ফল দর্শায়।

৭ম মূত্রকারক।

স্পিরিট্‌ অব্‌ নাইট্রস ইথর

Spiritus Ætheris Nitrosi.

মাত্রা ॥০—২ ড্রাম।

নাইট্রিক্‌ এসিড্‌ ৩ আং, সল্‌ফিউরিক্‌ এসিড্‌ ২ আং, তাম্রতার ২ আং, শোধিত সুরা আবশ্যকমত।

গুঃ। স্বচ্ছ, প্রায় বর্ণহীন, উৎপতিষ্ণু, অগ্নিতে দাহ্য।

ক্রিয়া। মূত্রকারক, ঘর্ম্মকারক, শৈত্যকারক, বায়ুনাশক।

ব্যবহার। হৃদ্‌পিণ্ডের পীড়াজনিত শোথ-রোগে বিলক্ষণ উপকারী। জ্বররোগে ঘর্ম্মকারক, মূত্রকারক ও শৈত্যকারকরূপে ব্যবহার হয়।

৮ম মূত্রকারক।

প্যারেরি রুট্‌—Pareiræ Radix.

সিস্যাম্পেলস্‌ প্যারেরা লতার শুষ্ক মূল।

প্রঃ রূঃ। (১) ডিককৃটম্‌ প্যারেরি (প্যারেরি মূল কুট্টিত ১।০ পরিস্রুত জল ১ পাইণ্ট। মাত্রা ১—২ আং।)

(২) একষ্ট্রাক্টম্‌ প্যারিরি। (প্যারেরি মূল কুট্টিত ১ পাউণ্ড, উষ্ণ পরিস্রুত জল প্রয়োজনমত। মাত্রা ১০—৩০ গ্রেণ্‌।)

(৩) লিকুইড্‌ এক্ষ্ট্রাক্ট অব্‌ প্যারিরি (একৃষ্ট্রাক্ট অব্‌ প্যারিরি,

স্ফুটিত পরিস্রুত জল ও শোধিত সুরা, প্রত্যেক প্রয়োজনানুরূপ। মাত্রা ॥০—২ ড্রাম্।)

স্ঃ। সরল, নলাকার ॥০—৪ ইঞ্চ হইতে ৪ ফুট লম্বে।

ক্রিয়া। বলকারক, মূত্রকারক, আগ্নেয়, বিরেচক।

ব্যবহার। ডাক্তার সার বেঞ্জামিন্ ব্রোডির মতে মূত্রযন্ত্রের বিবিধ রোগে ব্যবহার হয়।

৯ম মূত্রকারক।

এসিটেট্ অব্ পটাশ—Potassii Acetas.

মাত্রা ১০—৬০ গ্রেণ্।

কার্ব্বনেট্ অব্ পটাশ ২০ আং, এসেটিক্ এসিড্ ২ পাউণ্ড। ক্ষারত্ব নষ্ট হইয়া অগ্নিসন্তাপে শুষ্ক হইলে পুনরায় গলিয়া পরে শীতল হইলে খণ্ড খণ্ড করিয়া বোতল মধ্যে রাখিবে।

স্বঃ। শ্বেতবর্ণ, উজ্জ্বল, লবণস্বাদযুক্ত, বায়ুতে রাখিলে তরল হয়।

ক্রিয়া। মূত্রকারক, ঘর্ম্মকারক, শৈত্যকারক, অধিক মাত্রায় বিরেচক।

ব্যবহার। শোথ, হাইড্রো-থোর্‍্যাক্স, সোরায়সিস্, লেপ্রা, একজিমা রোগে ব্যবহার হয়।

জ্বররোগে ঘর্ম্মকরণ জন্য ও পিপাসা নাশার্থ ব্যবহার হয়।

১০ম মূত্রকারক।

বেন্‌জোয়েট অব্ এমোনিয়া।

Ammoniæ Benzoas.

মাত্রা ১০—২০ গ্রেণ্।

সলুউসন্ অব্ এমোনিয়া ৩ আং, বেন্‌জোয়িক্ এসিড্ ২ আং, পরিস্রুত জল ৪ আং।

স্বঃ। বর্ণহীন, শল্কাকার দানা, জলে ও এল্‌কোহলে দ্রবণীয়।

ক্রিয়া ও ব্যবহার। মূত্রকারক। মূত্রাশয়ের পুরাতন প্রদাহ ও প্রস্রাবে ফস্ফেট্ জন্মিলে বিলক্ষণ উপকারী।

১১শ মূত্রকারক।

ফস্ফেট্ অব্ এমোনিয়া।

Ammoniæ Phosphas.

মাত্রা ৫—২০ গ্রেণ।

ডাইলিউটেড্ ফস্ফরিক্ এসিড্ ২০ আং, ষ্ট্রং সলুউসন্ অব্ এমোনিয়া প্রয়োজনানুরূপ।

স্বঃ। বর্ণহীন, স্বচ্ছ, দানাবিশিষ্ট।

ক্রিয়া ও ব্যবহার। উত্তেজক, মূত্রকারক। প্রস্রাবে ইউরিক্ এসিড্ বশতঃ গাউট্, রিউম্যাটিজম্ ইত্যাদি রোগে বিলক্ষণ উপকারী।

১২শ মূত্রকারক।

আর্মোর‍্যাসি র‍্যাডিক্স—Armoraciæ Radix.

(হর্স র‍্যাডিস্ রুট্ or Horse Radish root.)

ককলিয়ারিয়া আর্মোর‍্যাসি বৃক্ষের সরস মূল।

প্রঃ রূঃ। স্পিরিটস্ আর্ম্যারাসিয়ি কম্পোজিটস্ (হর্স র‍্যাডিস্ রুট্ ও তিক্ত কমলালেবুর ত্বক্, প্রত্যেক ২০ আং, জায়ফল কুট্টিত ॥০ আং, পরীক্ষিত সুরা ১ গ্যালন, জল ২ পাইণ্ট। মাত্রা ১—২ ড্রাম।)

স্বঃ। দীর্ঘ, নলাকার, ॥০—১ ইঞ্চ ব্যাস।

ক্রিয়া। মূত্রকারক, উত্তেজক, ঘর্ম্মকারক। লাল নিঃসারক।

ব্যবহার। কখন কখন জিহ্বার পক্ষাঘাতে ব্যবহার হয়। পুরাতন বাত ও শোথ রোগে ব্যবহার হয়।

১৩শ মূত্রকারক।

ডিজিট্যালিস্—Digitalis.

(অবসাদক ঔষধ শ্রেণীতে দেখ)

১৪শ মূত্রকারক।

নাইট্রেট্ অব পটাশ—Potassæ Nitras.

(অবসাদক ঔষধ শ্রেণীতে দেখ।)

১৫শ মূত্রকারক।

তার্পিন তৈল—Oleum Teribinthino.

(উত্তেজক ঔষধ শ্রেণীতে দেখ।)

১৬শ মূত্রকারক।

এসিড্ টার্ট্রেট অব পটাশিয়ম্।

Acid Tartrate of Potashium.

১৭শ মূত্রকারক।

এসেটিক্ ইথর—Aether Aceticus.

মাত্রা ২০—৬০ মিনিম।

এসিটেট্ অব্ সোডা ৮ অংশ, শোধিত সুরা ৫ অংশ, সল্‌ফিউরিক্ এসিড্ ১০ অংশ ও ক্যাল্‌সিয়ম্ ক্লোরাইড্ আবশ্যকমত।

স্বঃ। বর্ণহীন, ইথর্ গন্ধ ও মিষ্টাস্বাদযুক্ত তরল পদার্থ।

ক্রিয়া। মূত্রকারক, উত্তেজক. ঘর্ম্মকারক।

১৮শ মূত্রকারক।

নাইট্রেট অব এমোনিয়া—Ammonia Nitras.

কার্ব্বনেট্ অব্ এমোনিয়া ও নাইট্রিক্ এসিড্ একত্রে উর্দ্ধপাতন দ্বারা প্রস্তুত হয়।

স্বঃ। শ্বেতবর্ণ, দানাযুক্ত, তিক্তাস্বাদযুক্ত।

ক্রিয়া। মূত্রকারক।

১৯শ মূত্রকারক।

লার্চ্চ বার্ক—Laricis Cortex.

ল্যারী ইয়োরোপীয়ো বৃক্ষের ভিতরস্থ ত্বক।

প্রঃ রূঃ। টিংচর অব লার্চ্চ (লার্চ্চ ২৷৷০ আং, শোধিত সুরা ১ পাইন্ট। মাত্রা ২০—৩০ মিনিম্।)

ক্রিয়া। মূত্রকারক, উত্তেজক।

কফনিঃসারক।

১ম কফনিঃসারক।

ক্রিয়েজোট—Creasotum.

মাত্রা ১—৩ মিনিম্।

উড্‌টার্ চুয়াইলে ইহা প্রাপ্ত হওয়া যায়।

প্রঃ রূঃ। (১) মিশ্চুরা ক্রিয়োজোটাই। ক্রিয়েজোট্ মিক্শ্চর্। (ক্রিয়োজেট্ ও গ্লেসিয়াল্ এসেটিক্ এসিড্ প্রত্যেক ১৫ মিনিম্, স্পিরিট্ অব্ জুনিপার ॥০ ড্রাম, সিরপ্ ১ আং, পরিস্রুত জল ১৫ আং। মাত্রা ১—২আং।) এক আউন্সে ১ মিনিম্ আছে।

(২) অঙ্গুয়েণ্টম্ ক্রিয়েজোটাই। (ক্রিয়েজোট ১ ড্রাম, সিম্পল অইণ্টমেণ্ট ১ আং।)

(৩) ভেপর্ ক্রিয়েজোটাই। (ক্রিয়েজোট ১২ মিনিম্, উষ্ণ স্ফুটিত জল ৮ আং।)

স্বঃ। বর্ণহীন, তরল, আলকাতরা-গন্ধযুক্ত।

ক্রিয়া। কফনিঃসারক, সঙ্কোচক, রক্তরোধক, পচননিবারক, মূত্রকারক, বমননিবারক; অধিক মাত্রায় বিষ ক্রিয়া করে।

ব্যবহার। গর্ভাবস্থায় প্রাতঃ বমন ও হিষ্টিরিয়া জনিত বমন নিবারণ জন্য বিশেষ উপযোগী। পাকাশয়ের ক্রিয়ার বিশৃঙ্খলতা বশতঃ বমনে, সি-সিক্‌নেস্ (সামুদ্রিক পীড়া) জনিত বমনে, ডায়বিটিস্ রোগ জনিত পিপাসায়, নিউর‍্যাল্‌জিয়ায় ও থাইসিস্ রোগে অতি উৎকৃষ্ট কার্য্য করে। উদরাময় রোগে বিশেষ ফলদায়ী। হিমেটিমেসিস্, ক্ষুদ্রান্ত্র হইতে রক্তাস্রাব, জলৌকা দংশন স্থান হইতে রক্তস্রাবে রক্ত রোধ করিয়া উপকার করে।

———

২য় কফনিঃসারক।

টার্—Tar—Pix iquida.

পাইন্স সিল্‌ভেষ্টি্‌স্ ও অন্যান্য বৃক্ষ হইতে প্রাপ্ত হওয়া যায়।

প্রঃ রূঃ। অঙ্গুয়েন্টম্ পাইসিস্ লিকুইডি। (টার্ ৫ আং, পীত মোম ২ আং।)

স্বঃ। ঘন, কৃষ্ণ ও পাটলবর্ণ মিশ্রিত বর্ণবিশেষ, গন্ধবিশিষ্ট।

ক্রিয়া। কফনিঃসারক, উত্তেজক, মূত্রকারক, দুর্গন্ধহারক।

ব্যবহার। ডাক্তার আলেক্‌জাণ্ডার ক্রিন্‌টনের মতে ইহার ধূম থাইসিস্ রোগে অত্যুপকারক। মূত্রযন্ত্রের রোগেও উপকারী। বিবিধ চর্ম্মরোগে ও পক্ষাঘাতে ব্যবহার হয়।

৩য় কফনিঃসারক।

বেনজোইনম—Benzoinum.

চূর্ণের মাত্রা ১০—১৫ গ্রেণ্।

ষ্টাইর্যাক্স বেন্‌জোইনম্ বৃক্ষ হইতে প্রাপ্ত ধূনাযুক্ত রস।

প্রঃ রূঃ। (১) **বেনজোয়িক্ এসিড।** বেন্‌জোইন্‌কে উর্দ্ধপাতন দ্বারা পাওয়া যায়। মাত্রা ১০—১৫ গ্রেণ।

(২) বেন্‌জোয়েটেড্ লার্ড্। (শূকরের বসা ১ পাউণ্ড, বেন্‌জোইন্ চূর্ণ ১৪০ গ্রেণ্।)

(৩) বেন্‌জোইক্ এসিড্ লোজেঞ্জেস্। (বেন্‌জোইক্ এসিড্ ৩৬০ গ্রেণ, বিশুদ্ধ শর্করা ২৫ আং, আরবি গঁদ ১ আং, আরবি গঁদের মণ্ড ২ আং, পরিস্রুত জল আবশ্যকমত। ৭২০টী চাক্তি হইবে। মাত্রা ১—৫ চাক্তি।)

(৪) **বেনজোয়েট অব সোডিয়ম্।** বেন্‌জোইক্ এসিড্ ও কার্ব্বনেট্ অব্ সোডিয়ম্ দ্রব পরস্পর সমক্ষারাম্ল না হওয়া পর্য্যন্ত

মিশ্রণ ও উৎপাদন অন্তে শুষ্ক হইলে ইহা প্রস্তুত হয়। মাত্রা ১০—৩০ গ্রেণ। ক্রিয়া পচন নিবারক।

(৫) কম্পাউণ্ড টিংচর অব্ বেন্‌জোইন্। (বেন্‌জোইন্ চূর্ণ ২ আং, ষ্টোরাক্স ১॥০ আং, ব্যালসাম্ অব্ টোলু ॥০ আং, সকোট্রিন্ এলোজ্ ১৬০ গ্রেণ, শোধিত সুরা ১ পাইণ্ট। মাত্রা ॥০—১ ড্রাম।)

স্বঃ। লঘু, প্রায় বর্ণহীন, একপ্রকার সুগন্ধযুক্ত।

ক্রিয়া। কফনিঃসারক, উত্তেজক।

ব্যবহার। অধিক দিনের সর্দ্দি, পুরাতন ব্রঙ্কাইটিস্ এবং থাইসিস্ রোগের প্রবলাবস্থায় ব্যবহার হয়। পুরাতন ও পচা ক্ষতে উত্তেজকরূপে ব্যবহার হয়।

৪র্থ কফনিঃসারক।

ষ্টাইরাক্স—Styrax.

মাত্রা ৫—২০ গ্রেণ্।

লিকুইড্যাম্বর্ ওরিয়েণ্টলি নামক বৃক্ষের বল্কল হইতে প্রাপ্ত রস।

কম্পাউণ্ড টিংচর্ অব্ বেন্‌জোইন্ প্রস্তুতে ব্যবহার হয়।

স্বঃ। অল্প স্বচ্ছ, পাটলবর্ণবিশিষ্ট, ঈষৎ তরল, মধুর ন্যায় গাঢ়, এক প্রকার গন্ধবিশিষ্ট।

ক্রিয়া। উত্তেজক ও কফনিঃসারক।

৫ম কফনিঃসারক।

সেনেগা রুট্—Senegæ Radix.

মাত্রা ১০—৩০ গ্রেণ্।

পলিগ্যালা সেনেগা বৃক্ষের মূল।

প্রঃ রূঃ। (১) ইন্‌ফিউসম্ সেনেগা (সেনেগা মূল কুট্টিত ॥০ আং, উষ্ণ পরিস্রুত জল ১০ আং। মাত্রা ১—২ আং।)

(২) টিংচর্ সেনেগা। (সেনেগা মূল কুট্টিত ২॥০ আং, পরীক্ষিত সুরা ১ পাইন্ট। মাত্রা ॥০—২ ড্রাম।)

স্বঃ। মোচড়ান, পীত পাটলবর্ণ।

ক্রিয়া। কফনিঃসারক, উত্তেজক, মূত্রকারক।

ব্যবহার। পুরাতন ব্রঙ্কাইটিস্, নিউমোনিয়া, হুপিং কফ, ক্রুপ, এবং শিশুদের ব্রঙ্কাইটিস্ রোগে সমূহ উপকারের সহিত ব্যবহার হয়। শ্বাসকাশেও ব্যবহার হয়।

৬ষ্ঠ কফনিঃসারক।

বাল্‌সাম অব্ পেরু—Balsamum Paruvianum.

মাত্রা—১০—১৫ মিনিম্।

মাইরক্সাইনন্ প্যারেরি বৃক্ষের রস।

স্বঃ। পাটলবর্ণ বিশিষ্ট তরল, এক প্রকার গন্ধবিশিষ্ট।

ক্রিয়া। উত্তেজক, কফনিঃসারক।

ব্যবহার। পুরাতন ব্রঙ্কাইটিস্, থাইসিস্ ও এস্‌মা (Asthma) রোগে ব্যবহার হয়। পুরাতন ক্ষত ও শয্যাক্ষতে বাহিক ব্যবহার উপকারী। পাঁকুই রোগে বিলক্ষণ উপকার করে।

৭ম কফনিঃসারক।

বালসাম অব টোলু—Balsamum Tolutanum.

মাত্রা ১০—২০ গ্রেণ্।

মাইরক্সাইনন্ টোলু ফেরা বৃক্ষের রস।

প্রঃ রূঃ। (১) সিরপ্ অব্ টোলু (বাল্সাম্ অব্ টোলু ১।০ আং, পরিষ্কৃত চিনি ২ পাউণ্ড, পরিস্রুত জল ১ পাইন্ট। মাত্রা ॥০—১ ড্রাম।)

(২) টিংচর্ অব্ টোলু। (বালসাম্ অব্ টোলু ২॥০ আং, শোধিত সুরা ১ পাইন্ট। মাত্রা ২০—৪০ মিনিম্)

স্বঃ। পীতবর্ণ, ঘন, কোমল, ঈষৎ মিষ্টাস্বাদ।

ক্রিয়া। উত্তেজক, কফনিঃসারক। প্রাদাহিক লক্ষণ বর্ত্তমান থাকিলে অবিধেয়। পুরাতন কাশ, ও মূত্রাশয়ের উগ্রতাতে উপযোগী।

৮ম কফনিঃসারক।

ক্যানেডা টার্পেনটাইন—Canada Turpentine.

মাত্রা ১০—৩০ গ্রেণ্।

এবিস্ ব্যালস্যামিয়া বৃক্ষের গাত্র হইতে প্রাপ্ত রস বা টার্পেন্টান্।

চার্টা এপিস্প্যার্টিকা ও কলোডিয়ম্ ফেক্সাইল্ প্রস্তুত জন্য আবশ্যক হয়।

স্বঃ। পীতবর্ণ, তরল, গন্ধান্ধবিশেষযুক্ত, বিকট স্বাদ।

ক্রিয়া। তার্পিন তৈলের ন্যায় গণোরিয়া, গ্লিট, লুকোরিয়া, সিস্টিরিয়া ইত্যাদিতে বিলক্ষণ উপকার করে।

৯ম কফনিঃসারক।

বর্গণ্ডি পিচ্—Pix Burgundica.

এবিজ একসেলসা বৃক্ষের ধূনাযুক্ত রস।

প্রঃ রূঃ। (১) এম্প্ল্যাষ্ট্রম্ পিসিস্ (বর্গণ্ডি পিচ্ ২৬ আং, সামান্য ফ্রাঙ্কিন্সেন্স ১৩ আং, ধূনা ও মোম প্রত্যেক ৪৷৷০ আং, জায়ফল তৈল ১ আং, ওলিভ্ অইল্ ও জল প্রত্যেক ২ আং।)

(ক) এমপ্ল্যাষ্ট্রম্ ফেরি (লৌহের প্রয়োগরূপ দেখ)।

স্বঃ। কঠিন, ভঙ্গুর, অস্বচ্ছ, পাটলবর্ণ, একপ্রকার গন্ধবিশিষ্ট।

ক্রিয়া। আভ্যন্তরিক ব্যবহার হয় না। বাহ্য ব্যবহারে উগ্রতা-সাধক।

১০ম কফনিঃসারক।

কমন্ ফ্রাঙ্কিন্সেন্স—Common Frankincense.

পাইনসাটিভ্ বৃক্ষের গাঢ় তার্পিন তৈল।

এম্প্ল্যাষ্ট্রম্ পিসিস্ প্রস্তুত জন্য আবশ্যক হয়।

১১শ কফনিঃসারক।

টার্টারেট অব এণ্টিমণি

Tartrated of Antimony.

(অবসাদক ঔষধ-শ্রেণীতে দেখ)

১২শ কফনিঃসারক।

লোবেলিয়া—Lobelia.

(অবসাদক ঔষধ শ্রেণীতে দেখ)

১৩শ কফনিঃসারক।

ইপিকাকুয়ানা—Ipecacuanha.

(বমনকারক ঔষধ-শ্রেণীতে দেখ)

১৪শ কফনিঃসারক।

স্‌কিলা—Scilla.

(মুত্রকারক ঔষধ-শ্রেণীতে দেখ)

স্নিগ্ধকারক।

১ম স্নিগ্ধকারক।

দুগ্ধ—Milk—Lac.

মিশ্চুরা স্ক্যামনি প্রস্তুত জন্য দুগ্ধের আবশ্যক হয়।

ক্রিয়া। স্নিগ্ধকারক ও পোষক।

ব্যবহার। শোথ, নীরক্ততা, মধুমেহ ইত্যাদি রোগে ব্যবহার হয়।

ল্যাক্‌টিক এসিড্। উৎসেচন-সাধক পদার্থ বিশেষের ক্রিয়া দ্বারা শর্করা হইতে পাওয়া যায়। পরে তাহা সংশোধন করিলে ল্যাক্‌টিক্ এসিড্ প্রস্তুত হয়।

প্রঃ রূঃ। ডাইলিউটেড্ ল্যাক্‌টিক্ এসিড্ (ল্যাক্‌টিক্ এসিড্ ৩ আং, পরিস্রুত জল সহ ১ পাইন্ট পূর্ণ করিবে। মাত্রা ॥০—২ ড্রাম।)

স্বঃ। বর্ণহীন, গাঢ়, তরল গন্ধহীন, অম্ল আস্বাদ। শোধিত সুরা ও ইথরে দ্রব হয়।

ক্রিয়া। অপকৃত ঝিল্লীকে ধ্বংস করে। ক্ষারনাশক।

ব্যবহার। ডিপ্‌থিরিয়া ও ক্রুপ রোগে তালুতে তুলিদ্বারা প্রয়োগে বিশেষ উপকার দর্শে। প্রস্রাবের ক্ষার ও ফস্ফেট্‌স্ নষ্ট করিবার জন্য, বহুমূত্র রোগে, যক্ষ্মা রোগের কাশের উগ্রতা ও ঘর্ম্ম নিবারণ জন্য, অজীর্ণ রোগে পেপ্‌সিন্ সহযোগে ও রোগান্তে দৌর্ব্বল্যে ব্যবহারে বিশেষ উপকার দর্শে।

২য় স্নিগ্ধকারক।

শুগার অব মিল্ক—(ক্ষীরশর্করা)

Saccharum Lactis.

দুগ্ধ হইতে ছানা প্রস্তুত করিয়া লইয়া অবশিষ্টাংশকে গাঢ় করিলে ইহা প্রস্তুত হয়।

স্বঃ। ক্রিয়া। স্নিগ্ধকারক।

৩য় স্নিগ্ধকারক।

এগ—(অণ্ড)—Ovum—Egg.

ডিম্বের শ্বেতাংশ।

ক্রিয়া। স্নিগ্ধকারক। করোসিভ্ সব্লিমেট্ ও তাম্রের লবণাদি, যেমন তুঁতিয়া ইত্যাদি, ও অন্যান্য প্রাদাহিক বিষ দ্বারা বিষাক্ত হইলে ইহা বিষঘ্ন ও স্নিগ্ধকারকরূপে ব্যবহার হয়।

৪র্থ স্নিগ্ধকারক।

হনি (মধু)—Mel—Honey.

মধুচক্র হইতে পাওয়া যায়।

প্রঃ রূঃ। অক্‌সিমেল। (শোধিত মধু ৪০ আং, এসেটিক্ এসিড ৫ আং, পরিস্রুত জল ৫ আং। মাত্রা ১—২ ড্রাম।)

ক্রিয়া। স্নিগ্ধকারক, ঈষৎ বিরেচক।

৫ম স্নিগ্ধকারক।

লিকোরিস্ রুট—(যষ্টিমধু)—Glycyrrhizae Radix.

গ্লাইসিরিজা গ্লেব্রা বৃক্ষের শুষ্ক ও সরস মূল।

প্রঃ রূঃ। (১) এক্‌ষ্ট্রাক্ট অব লিকোরিস্ (যষ্টি মধু কুট্টিত ১ পাউণ্ড, পরিস্রুত জল ৪ পাইণ্ট।) মাত্রা ৫—৬০ গ্রেণ।

(২) লিকুইড এক্‌ষ্ট্রাক্ট অব লিকোরিস্। (যষ্টিমধু কুট্টিত ১ পাউণ্ড, পরিস্রুত জল ৪ পাইণ্ট। মাত্রা ১ ড্রাম।)

(৩) কম্পাউণ্ড পাউডার্ অব লিকোরিস্ (সিনা সূক্ষ্ম চূর্ণ ও যষ্টিমধু সূক্ষ্ম চূর্ণ প্রত্যেক ২ আং, পরিষ্কৃত চিনি ৬ আং। মাত্রা ৩০—৬০ গ্রেণ।)

স্বঃ। দীর্ঘ নলাকার, পাটলবর্ণবিশিষ্ট, মিষ্ট।

ক্রিয়া। স্নিগ্ধকারক ও শিথিলকারক। সর্দ্দিতে ব্যবহার হয়।

৬ষ্ঠ স্নিগ্ধকারক।

গ্লিসরীন্—Glycerinum—Glycerine.

মাত্রা ১—২ ড্রাম্।

তৈল ও বসা হইতে পাওয়া যায়।

প্রঃ রূঃ। গ্লিসরীন্ সপোজিটরী। (জেলেটিন্ ॥০ আং, গ্লিসরীন্ ২॥০ আং, পরিস্রুত জল আবশ্যকমত। আবশ্যকমত সপোজিটরী প্রস্তুত করিবে।)

স্বঃ। বর্ণহীন, স্বচ্ছ, তৈলবৎ, গন্ধহীন, মিষ্টাস্বাদ।

ক্রিয়া। স্নিগ্ধকারক, আর্দ্রকারক।

ব্যবহার। বিবিধ চর্ম্মরোগে যেমত লেপ্রা, সোরায়সিস্, লিকেন্, ইম্পিটাইগো, প্রুরাইগো ইত্যাদিতে ব্যবহার হয়। কর্ণ বেদনায়, ও বিবিধ কর্ণের রোগে ইহা অত্যন্ত উপকারিতার সহিত ব্যবহার হয়, এতদ্ব্যতীত ঔষধের বটিকা প্রস্তুত করণ জন্য ও আবশ্যক হয়।

৭ম স্নিগ্ধকারক।

গম্ একেসিয়া—(আরবি গঁদ)—Gum Accacia.

মাত্রা ৩০—৬০ গ্রেণ্।

দুই তিন প্রকার একেসিয়া বৃক্ষ হইতে প্রাপ্ত পরিস্কৃত গঁদ।

প্রঃ রূঃ। (১) মিউসিলেগো একেসিয়া। (গম্ একেসিয়া ৪ আং, পরিস্রুত জল ৬ আং।)

স্বঃ। ॥০—১ ইঞ্চ দীর্ঘ খণ্ড, বর্ণহীন, অস্বচ্ছ, ভঙ্গুর।

ক্রিয়া। স্নিগ্ধকারক, শিথিলকারক, আবরক।

ব্যবহার। কাস রোগে অত্যন্ত উপকার করে। দগ্ধস্থানে ও মূত্র-কৃচ্ছ্র রোগে বিলক্ষণ উপকারী।

৮ম স্নিগ্ধকারক।

ট্রাগাক্যান্থ—Tragacantha.

এষ্ট্রাগ্যালস্ ভিরস্ বৃক্ষের গঁদ।

প্রঃ রূঃ। (১) মিউসিলেগো ট্রাগাক্যান্থ। (ট্রাগাক্যান্থ চূর্ণ ৬০ গ্রেণ, পরিস্রুত জল ১০ আং, শোধিত সুরা ২ ড্রাম। মাত্রা ১—২ আং।)

(২) গ্লিসরীন্ অব্ ট্রাগাক্যান্থ। (ট্রাগাক্যান্থ চূর্ণ ১১০ গ্রেণ, গ্লিসরীন্ ১ আং, পরিস্রুত জল ৭৪ গ্রেণ্)।

(৩) পল্ভিস্ ট্রাগাক্যান্থ কম্পোজিটস্। (ট্রাগাক্যান্থ চূর্ণ, গম্ একেসিয়া চূর্ণ ও ষ্টার্চ্চ চূর্ণ প্রত্যেক ১ আং, পরিষ্কৃত চিনি ৩ আং। মাত্রা ২০—৬০ গ্রেণ।)

স্বঃ। শ্বেত বা পীতবর্ণ, স্থিতিস্থাপকগুণবিশিষ্ট।

ক্রিয়া। আরবি গঁদের ন্যায়।

৯ম স্নিগ্ধকারক।

ওলিভ্ অইল্—(জলপাই তৈল)—Olive Oil.

মাত্রা ।০—১ আং।

ওলিয়া ইউরোপিয়া বৃক্ষের পক্ক ফলের রস।